# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Boishakh 07, 1431 Bangla, April 20, 2024, Saturday, No. 111, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says, there are no political cases filed against BNP leaders & activists. Adds, cases against those who are related to different crimes. So, legal action is being taken against them. (R. Tehran: 09)

PM Sheikh Hasina has urged the relatives of ministers & party MPs not to be a candidate in upcoming upazila elections. This decision was taken after a serious complaint was made against the brother-in-law of ICT State Minister Junaid Ahmed Palak. (DW: 11)

AL GS says, after failing in the movement and elections, BNP leaders themselves are in dire straits. BNP has no one to take the lead, they are wayward travellers. (Jago FM: 16)

State Minister for Information & Broadcasting says, films will be selected with transparency & utmost professionalism for govt. grant. Adds, efficient & experienced people can be involved in selection process. (Jago FM: 17)

BNP SG says, AL took power by force through 'dummy' election & increased level of oppression & torture on leaders & activists of opposition parties including BNP to retain their illegal power. (R. Tehran: 09)

13 more BGP members have taken shelter in BD amid ongoing conflict bet$^{n}$ Myanmar junta & Arakan Army in Rakhine state. A total of 274 BGP members had taken shelter in BD since March 11. (VOA: 04)

Malaysia immigration department has arrested 49 illegal immigrants including 45 Bangladeshis in Perlis. Among those detained are 44 Bangladeshi men and one Bangladeshi woman. (Jago FM: 17)

UN experts express dismay about situation of Bangladeshi migrants in Malaysia. Adds, their situation has become unsayable & undignified. (VOA: 08)

Border guards were deployed after an angry mob beat two construction workers to death following a fire in a temple at Madhukhali upazila of faridpur. (VOA: 07)

A severe heatwave has been sweeping over several districts of country for several days. In this situation, authority has issued a heat alert warning for 3 days across country. (R. Today: 14)

One crore people of BD are now working abroad. Expected remittance is not coming. Govt. is giving incentives on remittance, but tendency to send money through banking channels is not increasing much. (DW: 09)

**Director: 44813046** **Deputy News Controller: 44813048 44813179** **Assistant News Controller: 44813047 44813178**

দৈনিক মনিটরিং রিপোর্ট
মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
বৈশাখ ০৭, বাংলা ১৪৩১, এপ্রিল ২০, ২০২৪, শনিবার, নং-১১১, ৫৪তম বছর

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে কোনো রাজনৈতিক মামলা দায়ের করা হয়নি। তিনি বলেন, যারা বিভিন্ন অপরাধের সাথে জড়িত তাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। তাই তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হচ্ছে। (রে. তেহরান: ০৯)

আসন্ন উপজেলা নির্বাচনে প্রার্থী না হতে মন্ত্রী ও দলীয় সংসদ সদস্যদের স্বজনদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের শ্যালকের বিরুদ্ধে গুরুতর অভিযোগের পর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। (ডয়চে ভেলে: ১১)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, আন্দোলনে ব্যর্থ এবং নির্বাচনে ব্যর্থ হয়ে বিএনপি নেতারা নিজেরাই মহাবিপদে আছেন। তাদের হাল ধরার কেউ নেই, তারা পথহারা পথিক। (জাগো এফএম: ১৬)

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী বলেন, স্বচ্ছতা ও সর্বোচ্চ পেশাদারিত্বের সঙ্গে সরকারি অনুদানের চলচ্চিত্র বাছাই করা হবে। চলচ্চিত্র সংশ্লিষ্ট দক্ষ ও অভিজ্ঞ ব্যক্তিরা যাতে অনুদানের জন্য বাছাই প্রক্রিয়ায় যুক্ত হতে পারেন, সরকার সেটিও নিশ্চিত করতে চায়। (জাগো এফএম: ১৭)

বিএনপির মহাসচিব বলেছেন, ডামি নির্বাচনের মাধ্যমে জোর জবরদস্তিমূলকভাবে রাষ্ট্রক্ষমতা দখলকারী আওয়ামী শাসকগোষ্ঠী অবৈধ ক্ষমতা ধরে রাখতে দেশব্যাপী বিএনপিসহ বিরোধী দলের নেতাকর্মীদের ওপর ভিন্ন ভিন্ন পন্থায় জুলুম-নির্যাতনের মাত্রা বৃদ্ধি করেছে। (রে. তেহরান: ০৯)

মিয়ানমারের রাখাইনে দেশটির সেনাবাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের জের ধরে মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের আরো ১৩ সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। বর্তমানে মিয়ানমার নিরাপত্তা বাহিনীর মোট ২৭৪ জন আশ্রয় গ্রহণ করে বাংলাদেশে অবস্থান করছে। (ভোয়া: ০৪)

মালয়েশিয়ার পার্লিসে ৪৫ বাংলাদেশিসহ ৪৯ জন অবৈধ অভিবাসীকে আটক করেছে রাজ্যের অভিবাসন বিভাগ। আটক বাংলাদেশি প্রবাসীদের মধ্যে ৪৪ জন পুরুষ ও একজন নারী। (জাগো এফএম: ১৭)

সরকারি শ্রম অভিবাসন প্রক্রিয়ার মাধ্যমে কর্মসংস্থানের আশায় মালয়েশিয়ায় যাওয়া বাংলাদেশি প্রবাসীদের পরিস্থিতি নিয়ে হতাশা প্রকাশ করেছেন জাতিসংঘের বিশেষজ্ঞরা। বিশেষজ্ঞরা বলেছেন, বাংলাদেশি অভিবাসীদের পরিস্থিতি অস্থিতিশীল ও অসম্মানজনক হয়ে পড়েছে। (ভোয়া: ০৮)

ফরিদপুর জেলার মধুখালী উপজেলার একটি মন্দিরে অগ্নিকাণ্ডের ঘটনায় কয়েকজন নির্মাণ শ্রমিককে পিটিয়ে আহত করার পর হাসপাতালে ২ জনের মৃত্যু হয়। ঘটনার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে বিজিবি সদস্যদের মোতায়েন করা হয়েছে। (ভোয়া: ০৭)

দেশের কয়েকটি জেলার উপর দিয়ে কয়েক দিন ধরে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এ অবস্থায় সারাদেশে তিন দিনের জন্য সতর্কতামূলক হিট অ্যালার্ট জারি করেছে আবহাওয়া কর্তৃপক্ষ। (রে. টুডে: ১৪)

বাংলাদেশের এক কোটি লোক এখন দেশের বাইরে কাজ করছেন। কিন্তু তাতে যত রেমিট্যান্স আসার কথা, তা আসছে না। সরকার রেমিট্যান্সের ওপর প্রণোদনা দিলেও ব্যাংকিং চ্যানেলে অর্থ পাঠাবার প্রবণতা তেমন বাড়ছে না। (ডয়চে ভেলে: ০৯)

# বিবিসি

## ভারতে প্রথম দিনের ভোট কেমন হলো?

ভারতে লোকসভা নির্বাচনের প্রথম দফায় ভোটে শুক্রবার একমাত্র পশ্চিমবঙ্গে কিছু সহিংসতা ছাড়া মোটামুটি নির্বিঘ্নেই ভোট নেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গের তিনটি আসনে শুক্রবার ভোট নেওয়া হয় – কোচবিহার, আলিপুরদুয়ার এবং জলপাইগুড়িতে। একুশটি রাজ্য এবং কেন্দ্র শাসিত অঞ্চলের মোট ১০২টি আসনে ভোট নেওয়া হয়েছে। বিকেল পাঁচটা পর্যন্ত সারা ভারতে গড় ভোট পড়েছে প্রায় ৬০ %, আর নির্বাচন কমিশনের দেওয়া তথ্য অনুযায়ী পশ্চিমবঙ্গের তিনটি আসনে বিকেল তিনটে পর্যন্ত গড় ভোট পড়েছে ৬৬%। শুক্রবার যেখানে ভোট নেওয়া হয়েছে, তার মধ্যে অরুণাচল প্রদেশ, মনিপুর, মেঘালয়, মিজোরাম, ত্রিপুরার মতো উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলি যেমন আছে, তেমনই রয়েছে মহারাষ্ট্র, উত্তর প্রদেশ, মধ্য প্রদেশ, ছত্তিশগড়, রাজস্থান, ভারত-শাসিত কাশ্মীরের মতো রাজ্যও। ভোট হয়েছে তামিলনাডুতেও। এটিই একমাত্র রাজ্য যেখানে সবকটি আসনের জন্য একই দিনে ভোট নেওয়া হয়েছে। আবার লাক্ষাদ্বীপ, আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জের মতো কেন্দ্র শাসিত অঞ্চলেও ভোট হয়েছে শুক্রবার। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী শুক্রবার সাড়ে ১৬ কোটিরও বেশি মানুষের ভোট দেওয়ার কথা ছিল দুই লক্ষ নির্বাচন বুথে। শুক্রবার যে আসনগুলিতে ভোট হয়েছে, সেই সব আসনে ২০১৯ সালের নির্বাচনে বিজেপি নেতৃত্বাধীন এনডিএ জোট ৪১টিতে জয়ী হয়েছিল আর কংগ্রেস নেতৃত্বাধীন জোট জিতেছিল ৪৫টিতে।

এদিন যেসব কেন্দ্রীয় মন্ত্রীরা ভোটে লড়ছেন, তাদের মধ্যে রয়েছেন নীতিন গডকড়ি, ভূপেন্দ্র যাদব, কিরেন রিজিজু, জিতেন্দ্র সিং, অর্জুন রাম মেঘাওয়াল, নিশীথ প্রামাণিক, সর্বানন্দ সোনওয়াল। অন্যদিকে বিরোধী পক্ষের যেসব নেতা প্রথম দিনেই প্রার্থী হয়েছেন, তাদের মধ্যে আছেন কংগ্রেসে গৌরব গগৈ, ডিএমকের কানিমোঝি। শুক্রবার যে তিনটি আসনে ভোট হয়েছে, সবকটিই উত্তরবঙ্গের আসন। এরমধ্যে কোচবিহার আসনটিতে বৃহস্পতিবার রাত থেকে বিক্ষিপ্ত অশান্তি শুরু হয়। পশ্চিমবঙ্গ বিধানসভার বিগত নির্বাচনে ২০২১ সালে এই আসনের অন্তর্গত শীতলখুচিতে নির্বাচনের নিরাপত্তার দায়িত্বে থাকা কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী গুলি চালিয়েছিল। ভোটের দিন নিহত হয়েছিলেন পাঁচ জন। এবারে তাই বাড়তি নজর ছিল কোচবিহারের ওপরে। একসময়ে বামফ্রন্ট, আরও নির্দিষ্ট করে বললে ফরওয়ার্ড ব্লকের আধিপত্য ছিল এই জেলায়। তারপরে তৃণমূল কংগ্রেস সেই জায়গা দখল করে নেয়। কিন্তু বেশ কয়েক বছর ধরে বিজেপি এখানে বড় শক্তি হয়ে উঠেছে, আসনটি গত নির্বাচনে বিজেপি-ই জিতেছিল। এই কেন্দ্র থেকেই ভোটে দাঁড়িয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামাণিক। স্থানীয় সাংবাদিকরা জানাচ্ছেন মধ্য ফলিমারি নামের একটি গ্রামে বৃহস্পতিবার রাত থেকেই ব্যাপক বোমাবাজি চলেছে। আর শুক্রবার সকালে বেশ কয়েকটি তাজা বোমা উদ্ধার করে পুলিশ। আবার মাথাভাঙ্গা এলাকায় তৃণমূল কংগ্রেসের কর্মীদের বিজেপির লোকেরা মারধর করেছে, বুথ-শিবির জ্বালিয়ে দিয়েছে এসব অভিযোগও পাওয়া গেছে। শীতলখুচিতে আবার বিজেপির এক কর্মীকে কোপানোর অভিযোগ এসেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। তৃণমূল কংগ্রেস ও বিজেপির কর্মী সমর্থকদের মধ্যে মারধর, হাতাহাতি, বিজেপির এক বুথ এজেন্টকে `অপহরণ,, এরকম নানা ছোট খাটো অশান্তির খবর পাওয়া গেছে, তবে বড় কোনও ঘটনার খবর বিকেল পর্যন্তও নেই।

ওদিকে সকাল থেকে শান্তই ছিল পাশের কেন্দ্র জলপাইগুড়ি। বিকেলে ওই আসনের অন্তর্গত ডাবগ্রাম-ফুলবাড়ির বিজেপি বিধায়ক একটি বুথে পরিদর্শনের জন্য যেতে গেলে নিরাপত্তাবাহিনী তাকে আটকিয়ে দেয়। এ নিয়ে বিজেপি কর্মী ও পুলিশের মধ্যে হাতাহাতি হয়েছে বলে খবর পাওয়া যাচ্ছে। জাতীয় নির্বাচন কমিশন ওই ঘটনার রিপোর্ট চেয়ে পাঠিয়েছে। বিকেলে ওই এলাকাতেই দ্বিতীয়বার অশান্তি বাঁধে দুই দলের সমর্থকদের মধ্যে। তৃতীয় যে আসনে ভোট হয়েছে, সেই আলিপুরদুয়ারে অবশ্য শান্তিতেই ভোটগ্রহণ হয়েছে। পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনি অফিসারের দফতরে তিনটি আসন থেকে ৪৬৮টি অভিযোগ জমা পড়েছে। প্রায় একবছর ধরে অশান্ত থাকা মনিপুরের দুটি আসনের জন্য ভোট নেওয়া শুরু হতেই একটি বুথের সামনে অজ্ঞাত পরিচয় ব্যক্তিরা গুলি চালাতে শুরু করে। স্থানীয় সংবাদমাধ্যম জানাচ্ছে যে মৈরাঙ-এর থামানপোকিপ এলাকার একটি বুথে এই ঘটনা ঘটেছে। কারও হতাহতের খবর নেই। তবে গুলি শুরু হতেই ভোট দেওয়ার লাইনে দাঁড়িয়ে থাকা মানুষজন এদিক ওদিক পালাতে শুরু করেন। একটি ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে, যেখানে প্রায় দশ সেকেন্ড ধরে লাগাতার গুলির শব্দ শোনা গেছে। সংবাদ সংস্থা এএনআই মণিপুরের একটি ভোটগ্রহণ কেন্দ্রের ভিডিও শেয়ার করেছে এবং ইম্ফল পূর্বের ডিসিকে উদ্ধৃত করে বলেছে, ”কয়েকজন নারী নির্বাচনে অনিয়মের অভিযোগ করার পরে ইম্ফলের একটি বুথে ভোটদান বন্ধ করে দেওয়া হয়েছে। পরে নির্বাচন অফিসার বুথটাই বন্ধ করে দেন বলে এ এন আই জানিয়েছে। মনিপুরে মূলত হিন্দু মেইতেইদের সঙ্গে আদিবাসী গোষ্ঠীগুলির মধ্যে জাতিগত সংঘর্ষ চলছে গত বছর মে মাস থেকে। ওই সংঘর্ষে দুপক্ষের দুশো জনেরও বেশি প্রাণ হারিয়েছেন। শুক্রবার যেসব রাজ্যে ভোট নেওয়া হয়েছে, তার মধ্যে একমাত্র তামিলনাডুতেই সবকটি আসনে একদিনেই ভোট হয়েছে। ওই রাজ্যে ৩৯টি লোকসভা আসন আছে।

দক্ষিণ ভারতীয় রাজ্যে চিত্র তারকারা বরাবরই অতি জনপ্রিয়, কেউ কেউ তো আবার সুপার হিরো। তামিলনাড়ুর চলচ্চিত্র জগতের বহু তারকাই রাজনীতিতে যোগ দিয়েছেন। ভোটের দিন এঁদের সামনে থেকে দেখতে পাওয়া সাধারণ মানুষের কাছে বাড়তি আকর্ষণ। সংবাদ সংস্থা এএনআই জানাচ্ছে, তামিল চলচ্চিত্রের মহা-তারকা রজনীকান্ত তার বুথে ভোট দিতে এলে অন্য ভোটারদের নমস্কার জানান, তাদের সঙ্গে ছবিও তোলেন। তার ভোট দেওয়ার একটি ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। রজনীকান্ত ছাড়াও কমল-হাসান, ধানুষ, ভিজয় সেথুপথি, নায়িকা তৃষা কৃষ্ণানরাও ভোট দিতে লাইনে দাঁড়িয়েছিলেন। ভোট দেওয়ার পরে এরা কাউকেই ছবি তুলতে বাধা দেন নি। মনে করা হয় এদিন নিজেদের ভক্তদের সঙ্গে সরাসরি সংযোগের সেতু তৈরি করা এই নায়ক নায়িকাদের জনসংযোগ টিম-ই পরিকল্পনা করে দেয়। আন্দামানের আদিবাসীরা যেমন শুক্রবার ভোট দিয়েছেন আবার , বিশ্বের সবথেকে কম উচ্চতার নারীও ভোট দিলেন এদিন। আবার উত্তরাখণ্ডে একই পরিবারের তিন প্রজন্মের সদস্যরা একসঙ্গে ভোট দিতে এসেছিলেন। নির্বাচন কমিশন জানিয়েছে আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জের রাজধানী পোর্ট ব্লেয়ারের কাছে স্ট্রেইট আইল্যান্ডের আদিবাসীরাও ভোট দিয়েছেন শুক্রবার। গ্রেট আন্দামানিজ জনজাতির মাত্র ৫০ জন এখন জীবিত আছেন। ওই স্ট্রেইট আইল্যান্ডের বাসিন্দা গ্রেট আন্দামানিজদের ৩৭ জন শুক্রবার ভোট দিয়েছেন বলে জানিয়েছে নির্বাচন কমিশন। তাদের ছবিও দেওয়া হয়েছে নির্বাচন কমিশনের ওয়েবসাইটে।

ভারতের ইংরেজি সংবাদ পোর্টাল এনডিটিভি এক প্রতিবেদনে জানিয়েছে বিশ্বের সবথেকে কম উচ্চতার ব্যক্তি হিসাবে গিনেস বুক অফ রেকর্ডসের স্বীকৃতি পাওয়া জ্যোতি কিষাণজী আমঘে শুক্রবার মহারাষ্ট্রের নাগপুরে তার বুথে ভোট দিতে এসেছিলেন সকালেই। মিজ জ্যোতির উচ্চতা দুই ফুটের থেকে সামান্য বেশি। প্রতিবেদনে জানানো হয়েছে পরিবারের এক সদস্যের কোলে চেপে ভোট দিতে আসেন ৩০ বছর বয়সী মিজ জ্যোতি। `প্রিমর্ডিয়াল ডোয়ার্ফিজম, নামে একটি জিনঘটিত সমস্যার কারণে তার উচ্চতা বাড়েনি। তবে এর মধ্যেও মিজ জ্যোতি ভারতীয় আর হলিউডের চলচ্চিত্রে কাজ করেছেন। তাকে নিয়ে দেশে, বিদেশে অনেক তথ্যচিত্রও হয়েছে। নির্বাচন কমিশনের হয়ে কিছুদিন আগে তিনি সবাইকে ভোট দেওয়ার আপীলও জানিয়েছিলেন। এদিন তিনি পরে এসেছিলেন বার্বি ডলের মতো লাল একটি পোষাক, ঠোঁটে ছিল গাঢ় লাল লিপস্টিক। বুথে ঢোকার আগে তার ছবি তোলার জন্য হুড়োহুড়ি পড়ে গিয়েছিল। এ নিয়ে দ্বিতীয়বার লোকসভা নির্বাচনে ভোট দিলেন মিজ জ্যোতি। ওই নাগপুর শহরেই শুক্রবার ভোট দিয়েছেন হিন্দু পুণরুত্থানবাদী সংগঠন আরএসএসের প্রধান মোহন ভগবত। নাগপুরেই আরএসএসের প্রধান কার্যালয়। এবার নাগপুর থেকে বিজেপির হয়ে ভোটে দাঁড়িয়েছেন এই আসনেরই গত দুবারের সংসদ সদস্য ও কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গডকড়ি। তিনি বিজেপির প্রাক্তন সভাপতিও। উত্তরাখণ্ডে দেখতে পাওয়া গেছে একই পরিবারের তিন প্রজন্মের সদস্যরা সবাই একসঙ্গে ভোট দিতে এসেছেন। দেরাদুনের একটি ভোট গ্রহণ কেন্দ্রের বাইরে প্রভা শর্মা, তার দুই মেয়ে আর দুই নাতনীর সঙ্গে ভোট দিতে এসে সাংবাদিকদের চোখে পড়ে যান। হাসিমুখেই ছবি তোলার আবদার মেটাচ্ছিলেন তারা। নির্বাচন কমিশন শুক্রবার এমন বেশ কিছু বুথের ছবি দিয়েছে, যেগুলিকে দেখলে বিয়ে বাড়ি বলে মনে হতে পারে। সুন্দর করে সাজানো ওইসব বুথগুলিকে তারা মডেল ভোট গ্রহণ কেন্দ্র বলে চিহ্নিত করেছে। কিছু বুথ আছে, যেখানে ভোট কর্মী থেকে শুরু করে নিরাপত্তা কর্মী – সবাই নারী। (বিবিসি ওয়েব পেজ:১৯.০৪.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বাংলাদেশে আশ্রয় নিয়েছেন বিজিপির আরো ১৩ সদস্য, অবস্থান করছে ২৭৪ জন

মিয়ানমারের রাখাইনে দেশটির সেনাবাহিনী ও সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠীর মধ্যে সংঘর্ষের জের ধরে মিয়ানমার বর্ডার গার্ড পুলিশের (বিজিপি) আরো ১৩ সদস্য বৃহস্পতিবার (১৮ই এপ্রিল) রাতে বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। চলতি বছরের ফেব্রয়ারির শুরুর দিক থেকে আরাকান আর্মির সঙ্গে মিয়ানমার সরকারি বাহিনীর সংঘর্ষের পরিপ্রেক্ষিতে, দেশটির সরকারি বাহিনীর সদস্যরা পালিয়ে এসে বাংলাদেশে আশ্রয় নিচ্ছে। শুক্রবার (১৯ই এপ্রিল) বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, ”বর্তমানে মিয়ানমার নিরাপত্তা বাহিনীর মোট ২৭৪ জন আশ্রয় গ্রহণ করে বাংলাদেশে অবস্থান করছে।„ ”বৃহস্পতিবার টেকনাফের নাফ নদীতে নতুন করে আরো ১৩ জন বিজিপি সদস্য বাংলাদেশ কোস্টগার্ডের কাছে আত্মসমর্পণ করেছেন;„ যোগ করেন শরিফুল ইসলাম। পরে কোস্ট গার্ড, এই বিজিপি সদস্যদের বিজিবি নাইক্ষ্যংছড়ি ব্যাটালিয়ন (১১ বিজিবি) সদস্যদের কাছে হস্তান্তর করে; জানান তিনি।

এর আগে, ফেব্রুয়ারিতে বিজিপি, সেনা সদস্য ও ইমিগ্রেশন কর্মকর্তাসহ মিয়ানমারের নিরাপত্তা বাহিনীর ৩৩০ সদস্য বাংলাদেশে আশ্রয় নেন। গত ১৫ই ফেব্রুয়ারি কঠোর নিরাপত্তার মধ্যে তাদের মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

গত ৩রা এপ্রিল বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছিলেন, বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমারের ১৮০ জন সীমান্তরক্ষী ও সেনা সদস্যকে ফেরত পাঠানোর পাশাপাশি মিয়ানমারে আটকে পড়া ১৭০ জন বাংলাদেশিকে ফিরিয়ে আনার উদ্যোগ নেয়া হচ্ছে। ড. হাছান মাহমুদ জানান, মিয়ানমারের ১৭৭ জন বর্ডার গার্ড পুলিশ (বিজিপি) সদস্য ও

পরে তিনজন সেনাসদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে। তিনি জানিয়েছিলেন, ”আমাদের সঙ্গে আলোচনায় মিয়ানমার সরকার তাদের ফেরত নিতে সম্মত হয়েছে। পাশাপাশি, মিয়ানমারে আটকে পড়া ১৭০ জন বাংলাদেশিকে দেশে ফিরিয়ে আনার প্রস্তাব দেয়া হয়েছিল, সেই প্রস্তাবে তারা ইতিবাচক সাড়া দিয়েছে।„ রোহিঙ্গা সংকট মোকাবেলায় গত ১৩ই মার্চ জেনেভায় অনুষ্ঠিত জয়েন্ট রেসপন্স প্ল্যান (জেআরপি) সভায় আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছ থেকে কেমন সাড়া মিলছে; এ প্রশ্নে হাছান মাহমুদ জানান, ”সুইজারল্যান্ডে জেআরপি সভায় আমাদের পররাষ্ট্র সচিব এবং প্রধানমন্ত্রীর মুখ্য সচিব যোগ দিয়েছেন। আমাদের প্রস্তাবিত অর্থ ও সহযোগিতায় গত বছরের তুলনায় ভালো সাড়া মিলছে।„

এর আগে, সোমবার (৫ই ফেব্রয়ারি) স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জানিয়েছেন, কূটনৈতিক প্রক্রিয়া অনুসরণ করে বাংলাদেশে আশ্রয় নেয়া মিয়ানমার নিরাপত্তা বাহিনীর সদস্যদের ফেরত পাঠানো হবে। বিজিবির জনসংযোগ কর্মকর্তা শরিফুল ইসলাম জানিয়েছিলেন, রবিবার (৪ঠা ফেব্রয়ারি) সকাল থেকে মিয়ানমারের বর্ডার গার্ড ফোর্সের (বিজিপি) সদস্যরা বাংলাদেশে আশ্রয় নিতে শুরু করে।

জাতিগত সংখ্যালঘু রাখাইন আন্দোলনের প্রশিক্ষিত ও সুসজ্জিত সামরিক শাখা হলো আরাকান আর্মি। তারা মিয়ানমারের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে স্বায়ত্তশাসন চায়। এটি সশস্ত্র জাতিগত গোষ্ঠীর একটি জোটের সদস্য। এরা সম্প্রতি মিয়ানমারের উত্তর-পূর্বাঞ্চলে একটি কৌশলগত অঞ্চল প্রতিষ্ঠা করেছে। মিয়ানমার ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি এবং তা,আং ন্যাশনাল লিবারেশন আর্মির সঙ্গে থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স নামে একত্রে কাজ করে আরাকান আর্মি। এই জোট, ২০২৩ সালের ২৭শে অক্টোবর চীন সীমান্তবর্তী উত্তরাঞ্চলীয় শান রাজ্যে একটি সমন্বিত আক্রমণ শুরু করে। গত ২০২১ সালের ফেব্রুয়ারিতে অং সান সু চি,র নির্বাচিত সরকারের কাছ থেকে সেনাবাহিনী ক্ষমতা দখলের পর থেকে এই অভিযান মিয়ানমারের সামরিক শাসকদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। রাখাইনে ২০১৭ সালে সেনাবাহিনীর নৃশংস বিদ্রোহ দমন অভিযানের ফলে, সংখ্যালঘু মুসলিম রোহিঙ্গা সম্প্রদায়ের অন্তত ৭ লাখ ৪০ হাজার সদস্য সীমান্ত পেরিয়ে বাংলাদেশে আশ্রয় নিতে বাধ্য হয়। রাখাইনের পুরোনো নাম আরাকান। (ভোয়া ওয়েব পেজ: ১৯.০৪.২০২৪ নারগীস)

## পরলোকে বাংলাদেশের জাতীয় পতাকার অন্যতম নকশাকার শিবনারায়ণ দাস

বাংলাদেশের প্রথম পতাকার অন্যতম নকশাকার বীর মুক্তিযোদ্ধা শিবনারায়ণ দাস শুক্রবার সকালে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। মৃত্যুর সময় তার বয়স হয়েছিল ৭৮ বছর। তার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। তার ছেলে অর্ণব আদিত্য দাস জানিয়েছেন, শুক্রবার (১৯ই এপ্রিল) সকাল ৯টা ২৫ মিনিটে রাজধানী ঢাকার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

কুমিল্লায় জন্মগ্রহণ করা শিবনারায়ণ দাসের বাবা সতীশচন্দ্র দাস। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে পাকিস্তানি সেনারা তাকে ধরে নিয়ে হত্যা করে। শিবনারায়ণ দাসের স্ত্রীর নাম গীতশ্রী চৌধুরী। শিবনারায়ণ দাস প্রথম ভাষা সৈনিক ধীরেন্দ্রনাথ দত্তের হাত ধরে রাজনীতিতে আসেন। ১৯৬২ সালের শিক্ষা আন্দোলন অংশগ্রহণ করে কারাবরণ করেন।

দেশের যুদ্ধকালীন জাতীয় পতাকার নকশাকার ও বীর মুক্তিযোদ্ধা শিব নারায়ণ দাসের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। রাষ্ট্রপতি এক শোকবার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

এদিকে, এক শোক বার্তায় জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) সভাপতি হাসানুর হক ইনু এবং সাধারণ সম্পাদক শিরীন আখতার, জাসদ নেতা শিবনারায়ণ দাসের মৃত্যুতে গভীর শোক ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

১৯৭০ সালের ৭ই জুন তৎকালীন পূর্ব পাকিস্তানের রাজধানী ঢাকার পল্টন ময়দানে অনুষ্ঠিত ছাত্রদের এক সামরিক কুচকাওয়াজে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অংশ গ্রহণের কথা ছিল। এই লক্ষ্যে ছাত্রদের নিয়ে একটি জয়বাংলা বাহিনী, মতান্তরে 'ফেব্রুয়ারি ১৫ বাহিনী' গঠন করা হয়। ছাত্র নেতারা এই বাহিনীর একটি পতাকা তৈরির সিদ্ধান্ত নেয়। এই লক্ষ্যে ১৯৭০ সালের ৬ই জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্জেন্ট জহুরুল হক হলের (তৎকালীন ইকবাল হল) ১০৮ নম্বর কক্ষে ছাত্রলীগ নেতা আ স ম আবদুর রব, শাহজাহান সিরাজ, কাজী আরেফ আহমদ, মার্শাল মনিরুল ইসলাম পতাকার পরিকল্পনা নিয়ে বৈঠকে বসেন। এ বৈঠকে আরো উপস্থিত ছিলেন ছাত্রলীগ নেতা স্বপন কুমার চৌধুরী, জগন্নাথ কলেজের ছাত্রলীগ নেতা নজরুল ইসলাম, কুমিল্লা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় ছাত্রনেতা শিবনারায়ণ দাস, প্রকৌশল বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সাধারণ সম্পাদক হাসানুল হক ইনু ও ছাত্রনেতা ইউসুফ সালাউদ্দিন। সভায় কাজী আরেফের প্রাথমিক প্রস্তাবনার ওপর ভিত্তি করে সবার আলোচনার শেষে সবুজ জমিনে, লাল সূর্যের মাঝে হলুদ রঙের বাংলার মানচিত্র খচিত পতাকা তৈরির সিদ্ধান্ত হয়। কামরুল আলম খান (খসরু) তখন ঢাকা নিউ মার্কেটের এক বিহারী দর্জির দোকান থেকে বড় এক টুকরো সবুজ কাপড়ের মাঝে লাল একটি বৃত্ত সেলাই করে

আনেন। এরপর, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কায়েদে আজম হল (বর্তমানে তিতুমীর হল) এর ৩১২ নম্বর কক্ষের এনামুল হকের কাছ থেকে অ্যাটলাস নিয়ে ট্রেসিং পেপারে আঁকা হলো পূর্ব পাকিস্তানের মানচিত্র। সবশেষে, শিবনারায়ণ দাস মানচিত্র আঁকেন লাল বৃত্তের মাঝে। এভাবেই সৃষ্টি হয় 'ফেব্রুয়ারি ১৫ বাহিনী'র পতাকা, যা কিছুদিন পর স্বীকৃত হয় বাংলাদেশের প্রথম পতাকা হিসেবে। (ভোয়া ওয়েব পেজ: ১৯.০৪.২০২৪ নারগীস)

## 'বিএনপি নেতা-কর্মীদের বিরুদ্ধে কোনো রাজনৈতিক মামলা করা হয়নি,: শেখ হাসিনা

বাংলাদেশের প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে কোনো রাজনৈতিক মামলা দায়ের করা হয়নি। শুক্রবার (১৯ই এপ্রিল) গণভবনে বাংলাদেশ কৃষক লীগের ৫২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। শেখ হাসিনা বলেন, যারা বিভিন্ন অপরাধের সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। তারা অপরাধ করেছে। তাই তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হচ্ছে। "এসব অপরাধের শাস্তি নিশ্চিত করতে মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে;„ যোগ করেন শেখ হাসিনা। অগ্নিসন্ত্রাস, মানুষ হত্যা, দুর্নীতি, অস্ত্র চোরাচালান ও গ্রেনেড হামলার মতো অপরাধ করার জন্য এসব মামলা দায়ের করা হয়েছে বলে জানান বাংলাদেশের প্রধানমন্ত্রী।

গত ২০১৪ সালের সাধারণ নির্বাচন প্রতিহত করতে বিএনপি ২০১৩ ও ২০১৪ সালে অগ্নিসন্ত্রাস চালিয়েছিল বলে উল্লেখ করেন শেখ হাসিনা। তিনি বলেন, "বিএনপি ও তাদের জোট সদস্যরা ৩ হাজার ৮০০ কার, বাস, লঞ্চ ও ট্রেন পুড়িয়েছে।„ সম্প্রতি অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে সহিংসতার কথা উল্লেখ করেন শেখ হাসিনা। বলেন, "তারা (বিএনপি) ২৮শে অক্টোবর ধ্বংসাত্মক কর্মকাণ্ড চালিয়েছে এবং নির্বাচন বানচাল করতে ট্রেনে আগুন দিয়ে একজন মা ও তার সন্তানকে হত্যা করেছে।„ তিনি প্রশ্ন করেন, যারা এসব কাজ করেছে তাদের বিরুদ্ধে কি মামলা করা উচিত নয়? মানুষ কি তাদের পূজা করবে? "এখন বিএনপি সব জায়গায় বলে বেড়াচ্ছে যে তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। তাদের কাছে জানতে চাওয়া উচিত কীসের জন্য মামলাগুলো করা হয়েছে;„ আরো বলেন শেখ হাসিনা। বিএনপির ৬০ লাখ নেতা-কর্মী কারাগারে আছে এমন অভিযোগ প্রত্যাখ্যান করেন শেখ হাসিনা। বলেন, দেশের কারাগারগুলোতে এত লোককে জায়গা দেয়ার সক্ষমতা নেই। তিনি বলেন, "তারা দাবি করছে যে তাদের ৬০ লাখ নেতাকর্মী গ্রেফতার হয়েছে, কিন্তু কারাগারগুলোতে এত লোককে জায়গা দেয়ার সামর্থ নেই।„

প্রধানমন্ত্রী বলেন, যদি বিএনপির এত লোক কারাগারে আটক থাকে, তার মানে এখন যারা কারাগারে আছে তারা সবাই তাদের লোক এবং সেখানে অন্য কোনো অপরাধী নেই। এর অর্থ হচ্ছে ওখানকার সব অপরাধী (যারা কারাগারে আছে) বিএনপির; আরো বলেন তিনি। বিএনপি শাসনামলে আওয়ামী লীগ নেতা-কর্মীদের ওপর সহিংসতা ও নির্যাতনের চিত্র তুলে ধরেন শেখ হাসিনা। তিনি বলেন, তার সরকার প্রতিশোধ নিতে যায়নি বরং দেশের উন্নয়ন ও জনগণের জন্য কাজ করার ক্ষেত্রে মেধা ও শক্তি কাজে লাগিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, "বিএনপির সৌভাগ্য যে আমরা ক্ষমতায় আছি। আমরা তাদের মতো প্রতিশোধপরায়ণ নই বলে তারা এখনো কথা বলার সুযোগ পায়। তারা সারাদিন লাউড স্পিকার ব্যবহার করে কথা বলে এবং তারপর বলে যে তারা কথা বলার সুযোগ পায় না।„
(ভোয়া ওয়েব পেজ: ১৯.০৪.২০২৪ নারগীস)

## 'বিএনপি নেতাকর্মীদের কারাগারে রেখে অধিকার বঞ্চিত করা হচ্ছে,: রিজভী

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দলের অনেক নেতা-কর্মীকে সরকার কারাগারে নিক্ষেপ করে তাদের নাগরিক অধিকার থেকে বঞ্চিত করছে। শুক্রবার বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াসহ কারাবন্দি নেতাদের মুক্তির দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে এক অবস্থান কর্মসূচিতে রিজভী এ কথা বলেন। তিনি আরো বলেন, বিনা কারণে মাসের পর মাস কারাগারে বন্দি থাকতে থাকতে কারাগারগুলো বিএনপির অনেক নেতাকর্মীর স্থায়ী আবাসস্থলে পরিণত হয়েছে। রিজভী অভিযোগ করেন যে বিএনপি মহাসচিব, স্থায়ী কমিটির সদস্য, ভাইস চেয়ারম্যান, যুগ্ম মহাসচিবের মতো শীর্ষ নেতারা তিন-চার মাস ধরে কারাভোগ করে মুক্তি পেয়েছেন।

শেখ হাসিনার বিএনপি নেতাকর্মীদের কারাগারে পাঠানোর নীতি এখনো শেষ হয়নি বলে অভিযোগ করেন তিনি। বলেন, প্রধানমন্ত্রী বিএনপিকে ভয় পান এবং জানেন যে তার পক্ষে কোনো জনসমর্থন নেই। জনগণের সমর্থনহীন সরকার স্বৈরাচারী হয়ে যায় বলে উল্লেখ করেন রিজভী। তিনি বলেন, জনগণ যখন অধিকারের জন্য আওয়াজ তোলে তখন তাদের দমন করা হয়। আটকে রাখা, নির্যাতনের জন্য আয়না ঘর তৈরি করা, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে ব্যবহার করে প্রতিপক্ষকে হত্যা করা এবং বিরোধী দলকে ঘায়েল করতে দলীয় ক্যাডারদের ব্যবহার করার কৌশল নেয়া হচ্ছে বলে অভিযোগ করেন রিজভী। রিজভী দাবি করেন, ৭ই জানুয়ারির নির্বাচনের আগে আওয়ামী লীগ সরকার, ২৫ থেকে ২৬ হাজার বিএনপি নেতাকর্মীকে কারাগারে পাঠানো হয়েছে। রিজভী আরো বলেন, বিএনপির বিপুল সংখ্যক নেতাকর্মী এখনো কারাগারে রয়েছেন। আর কয়েকজন ৩ থেকে ৪ মাস কারাভোগের পর বের হতে পেরেছেন।

উল্লেখ্য, গত বছরের ১৮ ডিসেম্বর এক সংবাদ সম্মেলনে জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম দাবি করে যে, ১৪ সপ্তাহে ৭৯টি মামলায় ১ হাজার ২৪৯ জন বিএনপি নেতা-কর্মীকে বিভিন্ন মেয়াদে সাজা দেয়া হয়েছে। জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম আরো বলেছে, সরকার গত বছরের ২৮শে অক্টোবরের পর থেকে বিএনপির ২১ হাজার ৮৩৫ জন নেতা-কর্মীকে কারাগারে বন্দী করেছে। (ভোয়া ওয়েব পেজ: ১৯.০৪.২০২৪ নারগীস)

## মন্দিরে অগ্নিকাণ্ড; ফরিদপুরে বিক্ষুব্ধ জনতার হামলায় ২ জন নিহত, বিজিবি মোতায়েন

বাংলাদেশের ফরিদপুর জেলার মধুখালী উপজেলার ডুমাইন ইউনিয়নের বৃহস্পতিবার (১৮ই এপ্রিল) রাতে একটি মন্দিরে অগ্নিকাণ্ডের ঘটনায় কয়েকজন নির্মাণ শ্রমিককে পিটিয়ে আহত করার পর হাসপাতালে ২ জনের মৃত্যু হয়। ঘটনার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে শুক্রবার (১৯ই এপ্রিল) সেখানে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্যদের মোতায়েন করা হয়েছে। বিক্ষুব্ধ লোকজনের হামলায় গুরুতর আহত আরো ৫ শ্রমিক স্থানীয় হাসপাতালে চিকিৎসাধীন আছেন। নিহত নির্মাণ শ্রমিক দু্জন হলেন- মধুখালী উপজেলার নওয়াপাড়া ইউনিয়নের ঘোপেরঘাট গ্রামের শাহজাহান খানের ছেলে আশরাফুল (২১) ও তার ভাই আশাদুল (১৫)।

স্থানীয় প্রশাসন জানিয়েছে, বৃহস্পতিবার (১৮ই এপ্রিল) রাতে মন্দিরে অগুনের ঘটনা ঘটে। এরপর থেকে এলাকায় উত্তেজনা বিরাজ করছে এবং হিন্দু সম্প্রদায়ের পুরুষ সদস্যরা তাদের বাড়িঘর ছেড়ে পালিয়ে গেছেন। ফরিদপুরের জেলা প্রশাসক মো. কামরুল আহসান তালুকদার জানান হিন্দু অধ্যুষিত পঞ্চপল্লী গ্রামের বারোয়ারী মন্দিরের কালী প্রতিমায় বৃহস্পতিবার সন্ধ্যার পর আগুন লাগার ঘটনা ঘটে। এ ঘটনায় স্থানীয় হিন্দু সম্প্রদায়ের লোকজন ক্ষুব্ধ হয়ে ওঠেন এবং এ ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে ৭ শ্রমিককে অবরুদ্ধ করে রাখে। জেলা প্রশাসক আরো জানান, মন্দির থেকে ২০ গজ দূরে পঞ্চপল্লী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক তৈরি করছিলেন শ্রমিকরা। খবর পেয়ে মধুখালী থানার পুলিশ ও উপজেলা প্রশাসনের কর্মকর্তারা ঘটনাস্থলে গেলে বিক্ষুব্ধ লোকজন তাদেরও অবরুদ্ধ করে রাখেন। ফরিদপুর জেলা সদর ও রাজবাড়ী জেলা পুলিশের সহযোগিতায় কয়েক ঘণ্টা পর অবরুদ্ধ কর্মকর্তাদের উদ্ধার করা হয়।

জেলা প্রশাসক বলেন, আহত অবস্থায় ৭ শ্রমিককে উদ্ধার করা হয়; তাদের মধ্যে ৪ জন অচেতন ছিলেন। আহতদের মধুখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং ফরিদপুরের বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। চিকিৎসাধীন অবস্থায় ২ জন মারা যান। তিনি আরো বলেন, ডুমাইন এলাকার পরিস্থিতি শান্ত রাখতে পুলিশের পাশাপাশি একজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে ৩ প্লাটুন বিজিবি সদস্য মোতায়েন করা হয়েছে। ঘটনা তদন্তে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে প্রধান করে ৩ সদস্যের কমিটি গঠন করা হয়েছে বলে জানান জেলা প্রশাসক।

ফরিদপুরের পুলিশ সুপার (এসপি) মো. মোরশেদ আলম বলেন, শত শত মানুষ বিক্ষুব্ধ হয়ে উঠলে, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ফাঁকা গুলি ছোঁড়া হয়। বিক্ষুব্ধ লোকজনের ছোঁড়া ইট-পাটকেল এর আঘাতে পুলিশের বেশ কয়েকজন সদস্য আহত হয়েছেন। এই ঘটনায় কাউকে আটক করা হয়নি বলে জানান পুলিশ সুপার। বলেন, ”পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রণ রয়েছে।„ পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক না হওয়া পর্যন্ত পুলিশ মোতায়েন থাকবে বলে জানান তিনি।

আহত শ্রমিক লিটন মোল্লা বলেন, ”আগুন দেখার পর এলাকাবাসীর সঙ্গে আমরাও নেভানোর কাজে অংশ নেই। কিন্তু বিক্ষুব্ধ লোকজন শ্রমিকদের সন্দেহ করে হাত-পা বেধে গণপিটুনি দেয়। বিক্ষুব্ধ বিপুলসংখ্যক মানুষ লাঠি, রড, ইট দিয়ে মারপিট করা হয় আমাদের। এ সময় স্কুলটির দরজা-জানালা ভাঙচুর করা হয়।„

ডুমাইন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আসাদুজ্জামান তপন বলেন, ”মাগরিবের নামাজ পর আমি মাঠে বসেছিলাম। কিছু সময় পর ১ নম্বর ওয়ার্ডের ইউপি মেম্বার অজিত বাবু আমাকে ফোন করেন। বলেন, আপনি দ্রুত আসুন। এখানে মন্দিরে আগুন দেয়া হয়েছে।„ চেয়ারম্যান আসাদুজ্জামান তপন আরো বলেন, ”আমি তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে যাই। দেখি হাজার হাজার মানুষ। আমি জনগণকে শান্ত করার চেষ্টা করি। দেখলাম যে পরিস্থিতি বেগতিক। আসলে প্রশাসন ছাড়া কোনোভাবেই পরিস্থিতি শান্ত করা সম্ভব নয়। আমি সরে গিয়ে প্রশাসনকে ফোন দিই, ইউএনওকে ফোন দিই। পরে প্রশাসনের লোকজন এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।„(ভোয়া ওয়েব পেজ: ১৯.০৪.২০২৪ নারগীস)

## বাংলাদেশ; জীবাশ্ম জ্বালানিতে অর্থায়ন বন্ধের দাবি জানালো তরুণ জলবায়ু কর্মীরা

জলবায়ু সুরক্ষা ও জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে জীবাশ্ম জ্বালানিতে অর্থায়ন বন্ধ, নবায়নযোগ্য শক্তির সম্প্রসারণ ও টেকসই কৃষিতে বিনিয়োগ বাড়ানোর আহ্বান জানিয়েছেন বাংলাদেশের তরুণ জলবায়ু কর্মীরা। শুক্রবার (১৯ই এপ্রিল) চলমান গ্লোবাল ক্লাইমেট স্ট্রাইকে অংশ নিয়ে এ আহ্বান জানান তারা। রাজধানী ঢাকার জাতীয় প্রেস ক্লাবের সামনে অ্যাকশনএইড বাংলাদেশ,র যুব প্ল্যাটফর্ম `অ্যাক্টিভিস্টা বাংলাদেশ,-এর সহযোগিতায় আয়োজিত সমাবেশ থেকে, বাংলাদেশ ও বৈশ্বিক বেসরকারি বিনিয়োগ সংস্থা, ব্যাংক ও বেসরকারি সেক্টরের কাছে এই আহ্বান জানানো হয়। সমাবেশ শেষে একটি শোভাযাত্রার আয়োজন করা হয়। শিক্ষা ভবন প্রদক্ষিণ শেষে, শহিদ মিনারে সমবেত হন পাঁচ শতাধিক জলবায়ু কর্মী। সেখানে জলবায়ু সুবিচারের দাবি জানিয়ে আন্দোলন কার্যক্রমের সমাপ্তি টানেন তারা।

সমাবেশে আন্দোলনকারীরা টেকসই ভবিষ্যৎ নিশ্চিত করতে জলবায়ুর জন্য ক্ষতিকর ও ব্যয়বহুল জীবাশ্ম জ্বালানিতে অর্থায়ন বন্ধ করতে বিশ্ব নেতাদের কাছে দাবি জানান। জলবায়ু কর্মীরা বলেন, উন্নত দেশগুলো জীবাশ্ম জ্বালানিতে অর্থায়নের মাধ্যমে জলবায়ু সংকট সৃষ্টি করছে। তারা নব্য ঔপনিবেশিক শোষণ, যুদ্ধ ও মানবাধিকার লঙ্ঘনের মাধ্যমে এই পৃথিবীকে ধ্বংস করছে। ”পুঁজিবাদী মানসিকতা নিয়ে সর্বোচ্চ গ্রিনহাউস গ্যাস নির্গমনকারীরা জীবাশ্ম জ্বালানিতে অর্থায়নের মাধ্যমে পৃথিবীকে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে উন্নত দেশগুলো;„ বলেন জলবায়ু কর্মীরা। উন্নত দেশগুলোর কাছে মানুষের চেয়ে মুনাফা গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন তারা। বলেন, জীবাশ্ম জ্বালানি পৃথিবীর বাস্তুতন্ত্র এবং জলবায়ুকে মারাত্মকভাবে ধ্বংস করছে। এর বিরূপ প্রভাব পড়ছে দক্ষিণের দেশগুলোর তরুণ, কৃষক, নারী এবং প্রান্তিক সম্প্রদায়গুলোর ওপর। এই পরিস্থিতি অনুন্নত দেশগুলোর সবচেয়ে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের কাছে তাদের পরিবেশগত ঋণ বহুগুণ বাড়িয়ে তুলছে। এই অবস্থায়, জীবাশ্ম জ্বালানির পরিবর্তে টেকসই প্রকল্প এবং নবায়নযোগ্য শক্তির ক্ষেত্রে বিনিয়োগের আহ্বান এসেছে গ্লোবাল ক্লাইমেট স্ট্রাইকে। তরুণ জলবায়ু কর্মী ফাহিদা সুলতানা বলেন, ”আজ আমরা জীবাশ্ম জ্বালানিতে অর্থায়ন বন্ধ এবং নবায়নযোগ্য জ্বালানি ও টেকসই কৃষি চর্চায় বিনিয়োগ বৃদ্ধির দাবিতে লড়াই করছি। বিত্তবানদের মুনাফা-ক্ষুধার মানসিকতা আমাদের ব্যথিত করছে। এই লোভ ও স্বার্থের জন্য আমাদের ভবিষ্যত সংকটে ফেলতে পারি না। তাই আমরা টেকসই ও নিরাপদ পৃথিবীর দাবিতে একত্র হয়েছি।„

তরুণ জলবায়ু কর্মীদের এই আন্দোলনের সঙ্গে একাত্মতা প্রকাশ করে অ্যাকশন এইড বাংলাদেশের ইয়াং পিপল টিম লিড মো. নাজমুল আহসান। তিনি বলেন, ”আমরা জীবাশ্ম জ্বালানিতে অর্থায়ন অবসান করা এবং নবায়নযোগ্য শক্তি ও জলবায়ু সহনশীল টেকসই কৃষি চর্চায় বিনিয়োগ বাড়ানোয় প্রাধান্য দেয়ার দাবিতে আওয়াজ তুলছি। আমরা এমন এক ভবিষ্যতের স্বপ্ন দেখি, যেখানে কোনো লোভ এই পৃথিবী ও তার মানুষের মঙ্গলকে ছাড়িয়ে যেতে পারে না।„ জলবায়ু সুবিচার নিশ্চিত করার জন্য উত্তরের দেশগুলোর কাছে দায়বদ্ধতা নিয়ে টেকসই সবুজ বিশ্ব রূপান্তরে প্রযুক্তি ও সম্পদ বিনিময় করার আহ্বান জানান তিনি।

অ্যাকশনএইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ফারাহ্ কবির বলেন, ”বৈশ্বিক যুব-নেতৃত্বাধীন জলবায়ু আন্দোলনে অ্যাকশনএইড বাংলাদেশ জলবায়ু সুবিচার নিশ্চিত করার লক্ষ্যে কাজ করা সারাদেশের তরুণ জলবায়ু কর্মী ও তাদের প্ল্যাটফর্মদের সহায়তা করে আসছে।„ ”যেহেতু বাংলাদেশ বিশ্বের জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশগুলোর অন্যতম। সেহেতু জীবাশ্ম জ্বালানিতে অর্থায়ন বন্ধ ও টেকসই সবুজায়ন প্রকল্পে বিনিয়োগ বৃদ্ধির দাবি জানাই;„ যোগ করেন ফারাহ্ কবির। তিনি আরো বলেন, ”একইসাথে আমরা ফিলিস্তিনে যুদ্ধবিরতির আহন এবং চলমান নৃশংস যুদ্ধ বন্ধের দাবি জানাই। আমরা তরুণদের সঙ্গে একসাথে আরো ন্যায্য, জলবায়ু-বান্ধব এবং মানবিক সমাজ প্রতিষ্ঠার জন্য অবদান রাখতে চাই।„ জলবায়ু সংকট নিরসনে ন্যায়বিচার দাবি ও জনগণকে সচেতন করতে অ্যাকশন এইড বাংলাদেশ ও অ্যাক্টিভিস্টা বাংলাদেশসহ ২০টি সংগঠনের পাঁচ শতাধিক তরুণ জলবায়ু কর্মী এই স্ট্রাইকে অংশ নেয়।

(ভোয়া ওয়েব পেজ: ১৯.০৪.২০২৪ নারগীস)

## মালয়েশিয়ায় বসবাসরত বাংলাদেশি অভিবাসীদের পরিস্থিতি অসম্মানজনক, বিশেষজ্ঞদের মত

সরকারি শ্রম অভিবাসন প্রক্রিয়ার মাধ্যমে কর্মসংস্থানের আশায় মালয়েশিয়ায় যাওয়া বাংলাদেশি প্রবাসীদের পরিস্থিতি নিয়ে হতাশা প্রকাশ করেছেন জাতিসংঘের বিশেষজ্ঞরা। শুক্রবার (এপ্রিল) জেনেভা থেকে প্রকাশিত এক বিবৃতিতে বিশেষজ্ঞরা বলেছেন, কয়েকমাস বা তার বেশি সময় ধরে মালয়েশিয়ায় বসবাসরত বাংলাদেশি অভিবাসীদের পরিস্থিতি অস্থিতিশীল ও অসম্মানজনক হয়ে পড়েছে। বিশেষজ্ঞদের মধ্যে রয়েছেন; দাসত্বের সমসাময়িক রূপ, কারণ ও পরিণতি বিষয়ক বিশেষ প্রতিনিধি টোমোয়া ওবোকাতা; মানব পাচার, বিশেষ করে নারী ও শিশু পাচার সম্পর্কিত বিশেষ প্রতিনিধি সিওভান মুল্লালি; প্রবাসীদের মানবাধিকার বিষয়ক বিশেষ দূত গেহাদ মাদি এবং রবার্ট ম্যাককরকোডেল (চেয়ার-র‌্যাপোর্টিয়ার), ফার্নান্দা হোপেনহাইম (ভাইস-চেয়ার), পিচামন ইয়োফানটং, দামিলোলা ওলাউই এবং এলজবিয়েতা কারস্কা।

জাতিসংঘ বিশেষজ্ঞরা বলেন, ”প্রবাসীদের ভয়াবহ মানবিক পরিস্থিতি মোকাবেলা করার বিষয়ে এবং তাদের শোষণ, অপরাধীকরণ ও অন্যান্য মানবাধিকার লঙ্ঘন থেকে রক্ষা করার জন্য মালয়েশিয়ার জরুরি পদক্ষেপ নেয়া দরকার।„ তারা উল্লেখ করেন, অনেক প্রবাসী মালয়েশিয়ায় এসে দেখেন প্রতিশ্রুতি অনুযায়ী চাকরি নেই এবং অনেক সময় তাদের ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরও তাদের থাকতে বাধ্য করা হয়। এর ফলে, এসব প্রবাসী গ্রেফতার, আটক, দুর্ব্যবহার ও বহিষ্কারের ঝুঁকিতে রয়েছেন। বিশেষজ্ঞরা উদ্বেগ প্রকাশ করে বলেন, মালয়েশিয়া ও বাংলাদেশে প্রতারণার আশ্রয় নিয়ে প্রবাসী কর্মী নিয়োগের মাধ্যমে বড় অঙ্কের অর্থ হাতিয়ে নিচ্ছে সক্রিয় অপরাধী চক্র। প্রবাসীরা প্রতারিত হচ্ছেন, ঘন ঘন ভুয়া কোম্পানিতে নিয়োগ দেয়া হচ্ছে এবং অতিরিক্ত নিয়োগ ফি দিতে বাধ্য করা হচ্ছে। যে কারণে, তাদের ঋণের বোঝা বেড়ে যাচ্ছে। তারা বলেন, ”আমরা জানতে পেরেছি যে উভয় সরকারের কিছু উচ্চপর্যায়ের কর্মকর্তা এই ব্যবসার সঙ্গে জড়িত বা এটি প্রশ্রয় দিচ্ছেন। এটা অগ্রহণযোগ্য এবং এর অবসান হওয়া দরকার।„

বিশেষজ্ঞরা বলেন, এই শোষণমূলক নিয়োগের অপরাধীদের অবশ্যই জবাবদিহির আওতায় আনতে হবে। এখন পর্যন্ত এই বেসরকারি ব্যবসা এবং প্রতারণামূলক নিয়োগ সংস্থাগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার ক্ষেত্রে বাংলাদেশ ও মালয়েশিয়া, উভয় দেশের ভূমিকা অপর্যাপ্ত। তারা আরো বলেন, ”ইতোমধ্যে মধ্যে অনেক অসহায় প্রবাসীকে অপরাধীতে পরিণত করা হয়েছে এবং শোষণের শিকার হওয়ার কথা জানাতে গিয়ে কেউ কেউ তীব্র প্রতিহিংসার মুখোমুখি হয়েছেন।„ এসব ঘটনার তদন্ত করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য, মালয়েশিয়া ও বাংলাদেশের প্রতি আহ্বান জানান বিশেষজ্ঞরা।

ব্যবসা ও মানবাধিকার সম্পর্কিত জাতিসংঘের নীতিমালা মেনে চলতে মালয়েশিয়ার প্রতি আহ্বান জানিয়েছে বিশেষজ্ঞরা। তারা বলেন, ”মালয়েশিয়াকে অবশ্যই পর্যাপ্ত সুরক্ষা ব্যবস্থা গ্রহণের মাধ্যমে শ্রম অভিবাসনকে আরো কার্যকরভাবে পরিচালনা করতে হবে।„ মালয়েশিয়ার ব্যবসা ক্ষেত্রগুলোতে মানবাধিকার লঙ্ঘনের হাত থেকে প্রবাসী শ্রমিকদের রক্ষা করতে এবং এই ব্যবসাগুলোতে মানবাধিকারের প্রতি সম্মান নিশ্চিত করতে পরামর্শ দেন বিশেষজ্ঞরা।

তারা বলেন, নির্যাতনের শিকার ব্যক্তিদের শনাক্তকরণ, সুরক্ষা ও সহায়তা প্রদান, মানব পাচারের বিরুদ্ধে বিদ্যমান আইনি সুরক্ষা প্রয়োগ এবং আন্তর্জাতিক মানবাধিকার বিষয়ক বাধ্যবাধকতা সমুন্নত রাখতে মালয়েশিয়াকে অবশ্যই প্রচেষ্টা জোরদার করতে হবে। এর আগে এসব বিষয় নিয়ে মালয়েশিয়া ও বাংলাদেশ সরকারের সঙ্গে যোগাযোগ করেছেন জাতিসংঘ বিশেষজ্ঞরা। (ভোয়া ওয়েব পেজ: ১৯.০৪.২০২৪ নারগীস)

## রেডিও তেহরান

### বিএনপি নেতা-কর্মীদের বিরুদ্ধে কোনো রাজনৈতিক মামলা করা হয়নি : প্রধানমন্ত্রী

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে কোনো রাজনৈতিক মামলা দায়ের করা হয়নি। তিনি বলেন, ”যারা বিভিন্ন অপরাধের সাথে জড়িত তাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে। তারা অপরাধ করেছে, তাই তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হচ্ছে।„ আজ গণভবনে বাংলাদেশ কৃষক লীগের ৫২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে কেন্দ্রীয় কমিটির সদস্যদের সাথে মতবিনিময় অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, এসব অপরাধের শাস্তি নিশ্চিত করতে মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৯.০৪.২০২৪ নারগীস)

### দেশ এখন `আওয়ামী মগের মুল্লুকে, পরিণত হয়েছে: ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ”দেশটা এখন আওয়ামী মগের মুল্লুকে পরিণত হয়েছে। ৭ জানুয়ারি ডামি নির্বাচনের মাধ্যমে জোর জবরদস্তিমূলকভাবে রাষ্ট্রক্ষমতা দখল করেছে আওয়ামী শাসকগোষ্ঠী। অবৈধ ক্ষমতা ধরে রাখতে দেশব্যাপী বিএনপিসহ বিরোধী দলের নেতাকর্মীদের ওপর ভিন্ন ভিন্ন পন্থায় জুলুম নির্যাতনের মাত্রা বৃদ্ধি করেছে তারা।„ শুক্রবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এসব কথা বলেন।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৯.০৪.২০২৪ নারগীস)

## এনএইচকে

### জি-৭ বৈঠকে ইউক্রেনের জন্য অব্যাহত সমর্থনের প্রতিশ্রুতি জাপানের পররাষ্ট্রমন্ত্রীর

জাপানের পররাষ্ট্রমন্ত্রী কামিকাওয়া ইয়োকো প্রতিশ্রুতি দিয়েছেন যে, রাশিয়ার ওপর কঠোর নিষেধাজ্ঞা আরোপ করার পাশাপাশি ইউক্রেনের প্রতি সমর্থন অব্যাহত রাখবে জাপান। বৃহস্পতিবার দক্ষিণ ইতালীয় দ্বীপ ক্যাপ্রিতে ইউক্রেন বিষয়ে সাতটি শিল্পোন্নত দেশের জোট, জি-৭'এর পররাষ্ট্রমন্ত্রীদের একটি বৈঠক অনুষ্ঠিত হয়। ইউক্রেনের পররাষ্ট্রমন্ত্রী দিমিত্রো কুলেবা এবং ন্যাটো মহাসচিব জেনস স্টোল্টেনবার্গ ওই বৈঠকে অংশ নেন। কামিকাওয়া বলেন, জাপান বিষয়টিকে এমন একটি জোরালো সঙ্কটের অনুভূতি নিয়ে মোকাবিলা করছে যে, ইউক্রেন আজ যে পরিস্থিতিতে রয়েছে, আগামীকাল পূর্ব এশিয়াও একই পরিস্থিতিতে পড়তে পারে। ইউক্রেনের পাশে দাঁড়ানোর ক্ষেত্রে জাপানের অটল অবস্থানের ওপর জোর দেন তিনি ।

কুলেবা বৈঠকে বলেন যে, রুশ বাহিনীর হামলায় ইউক্রেনের অবকাঠামো মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি দেশের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য সহায়তা বৃদ্ধির আহ্বান জানান। জাপানের পররাষ্ট্রমন্ত্রীর ভাষ্যানুযায়ী, তার দেশ ইউক্রেনকে একটি ড্রোন সনাক্তকরণ ব্যবস্থা সরবরাহের জন্য ন্যাটোর একটি তহবিলে ৩৭ মিলিয়ন ডলার প্রদান করেছে। পররাষ্ট্রমন্ত্রীরা এই বিষয়ে একমত হয়েছেন যে, ইউক্রেনে ন্যায্য ও স্থায়ী শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে জি-৭ সদস্যরা কাজ করে যাবে। (এনএইচকে ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ নারগীস)

## ডয়চে ভেলে

### যুদ্ধ-পরিস্থিতিতে মধ্যপ্রাচ্যের রেমিট্যান্স যোদ্ধাদের জীবন

বাংলাদেশ `প্রবাসী আয়'-এর জন্য এখনো সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের ওপরই বেশি নির্ভরশীল। করোনা মহামারির ধাক্কা সামলে উঠতে না উঠতেই সেই অঞ্চলে কর্মরত বাংলাদেশিরা এখন যুদ্ধ-পরিস্থিতির মুখোমুখি। বাংলাদেশের সবচেয়ে বড় শ্রম বাজার সৌদি আরব। ২০২০-২১ অর্থ বছরে, অর্থাৎ করোনার সময়েও সেখান থেকে

প্রবাসীরা ৫.৭ বিলিয়ন ডলারের রেমিট্যান্স পাঠান। ২০২১ সালে চার লাখ ৫৭ হাজার, ২০২২ সালে ছয় লাখ ১২ হাজার এবং ২০২৩ সালে পাঁচ লাখ কর্মী সৌদি আরব যান। তিন বছরে প্রায় ১৬ লাখ কর্মী সৌদি আরবে গেলেও সেখান থেকে প্রবাসী আয় না বেড়ে উল্টো কমেছে। সৌদি আরব থেকে ২০২২-২৩ অর্থ বছরে প্রবাসী আয় দুই বিলিয়ন ডলার কমে প্রবাসী আয় হয়েছে ৩.৭ বিলিয়ন ডলার। অন্যদিকে বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম শ্রম বাজার আরব আমিরাত। গত ১০ বছর ধরে সেখানে বাংলাদেশ থেকে কর্মী নেয়া বলতে গেলে বন্ধ আছে। কিন্তু তারপরও সেখান থেকে প্রবাসী আয় এখন সৌদি আরবের চেয়ে বেশি আসছে। ২০২৩-২৪ অর্থ বছরের প্রথম ৯ মাসে সৌদি আরব থেকে রেমিট্যান্স এসেছে ১,৯৬৬.৯৫ মিলিয়ন ডলার। সেখানে আরব আমিরাত থেকে এসেছে ৩,২৭০.৭২ মিলিয়ন ডলার। মধ্যপ্রাচ্যের সবচেয়ে বেশি জনশক্তি যে দেশে, সেই দেশের পরিস্থিতি এমন কেন জানতে চাইলে ব্র্যাকের অভিবাসন বিভাগের প্রধান শরিফুল হাসান বলেন, ”সৌদি আরবে যারা যাচ্ছেন, তারা অদক্ষ শ্রমিক। ফলে তাদের বেতন অনেক কম। সংখ্যায় বেশি হলেও কম বেতনে কাজ করায় তাদের আয় কম। আর তারা সেখানে যে কাজ করেন, তাকে আমরা বলি থ্রি ডি-ডার্টি, ডেঞ্জারাজ অ্যান্ড ডিফিকাল্ট। দক্ষতা না থাকায় তারা বাধ্য হয়ে এই কাজ করছেন। অনেক সময় দেখা যায় তারা খরচের টাকাই তুলতে পারেন না। আবার তুলতে হলে দীর্ঘ সময় লাগে,„ বলেন তিনি।

আর অভিবাসন নিয়ে কাজ করা হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, ”সৌদি আরব এখন তাদের নাগরিকদেরই ভালো কাজে নিয়োগ করছে। তাদের নাগরিকরা যেসব কাজ করতে চান না বা যেসব কাজে কায়িক পরিশ্রম বেশি, সেই কাজে বাংলাদেশিদের কম মজুরিতে নিয়োগ করছে তারা।„ এছাড়া নিয়োগকারীরা যে বেতনের কথা বলে বাংলাদেশি কর্মীদের নিয়ে যায়, পরে তার চেয়েও কম বেতন দেয় বলে অভিযোগ করেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)-র সাবেক মহাসচিব আলী হায়দার চৌধুরী। জনশক্তি রপ্তানিকারকদের সঙ্গে কথা বলে জানা গেছে, বাংলাদেশ থেকে কাজ নিয়ে সৌদি আরব যেতে এখন বিমান ভাড়াসহ সর্বোচ্চ তিন থেকে সাড়ে তিন লাখ টাকা লাগার কথা। এর মধ্যে এজেন্টদের সার্ভিস চার্জ, আকামা ফিসহ সব কিছুই রয়েছে। কিন্তু বাস্তবে সাত থেকে সাড়ে সাত লাখ টাকা খরচ হয়। এই অতিরিক্ত টাকা দালাল ও রিক্রুটিং এজেন্টরা নানা অজুহাতে নেয়। আবার সৌদি আরবে যাওয়ার পর বেতনের একটি অংশ প্রতি মাসে `কফিল' নিয়ে নেয়। এত টাকা খরচ করে সৌদি আরবে গিয়ে বাংলাদেশের কর্মীরা শুরুতে ১০০০ থেকে ১২০০ রিয়ালে কাজ করতে বাধ্য হন। ২০২২ সালের অক্টোবরে সাত লাখ টাকা খরচ করে সৌদি আরবে যান সিরাজগঞ্জের ইউনুস আলী। কিন্তু সেখানে গিয়ে তিনি কাজ না পেয়ে শেষে ২০২৩ সালের নভেম্বরে দেশে ফিরে আসতে বাধ্য হন। শেষ পর্যায়ে গাড়ি ধোয়া-মোছার কাজ করে উড়োজাহাজের টিকিটের টাকা জোগাড় করেন। তিনি বলেন, ”ওখানে শুরুতে ১০০০ থেকে ১২০০ রিয়াল বেতন পাওয়া যায়। তার একটি অংশ আবার কফিলকে ( নিয়োগকারী) দিতে হয়। আর ওখানে এখন কনস্ট্রাকশনসহ নিম্নমানের কাজ আছে বাংলাদেশিদের জন্য। সেগুলো অনেক কষ্টের কাজ হলেও বেতন খুবই কম।„ তার কথা, ”আমি ঋণ করে এবং সম্পদ বিক্রি করে সৌদি আরব গিয়ে এখন বিপদে আছি।„

বায়রার সাবেক মহাসচিব আলী হায়দার চৌধুরী বলেন, ”এখনো মধ্যপ্রাচ্যই বাংলাদেশের কর্মীদের বড় গন্তব্য। দুবাই, কাতার এবং ওমানে বাংলাদেশ থেকে জনশক্তি নেয়া বন্ধ আছে। ফলে বাজার কিছুটা কমেছে। গত বছর আমরা বিশ্বের বিভিন্ন দেশে ১৩ লাখ লোক পাঠিয়েছি। তার মধ্যে পাঁচ লাখ গেছে সৌদি আরব। „ তিনি বলেন, ”এখন সেখানে সমস্যা হলো বাংলাদেশিদের অড জব করতে হয়। আর কিছু কিছু নিয়োগকর্তা যে বেতন বলে, তার চেয়ে কম দেয়। এটা নিয়ে আমরা শ্রম ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের সঙ্গে কথা বলেছি। আমরা চাই দুই দেশ এটার একটা সমাধান বের করুক।„ ১৯৭৬ সালে বাংলাদেশের প্রবাসী আয় (রেমিট্যান্স) ছিল ২৩.৭১ মিলিয়ন ডলার। আর ২০২৩ সালে প্রবাসী আয়ের পরিমাণ ২১,৯৪২.৭৬ মিলিয়ন ডলার। ওই সময়ে মোট প্রবাসী আয় এসেছে ২,৯৭,১৩৮.১৬ মিলিয়ন ডলার। বাংলাদেশের প্রবাসী আয়ের মূল উৎস এখানো মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশ। সেখান থেকেই প্রবাসী আয়ের দুই তৃতীয়াংশ আসে। তার মধ্যে শীর্ষে আছে সৌদি আরব। বিশ্বের ১৬৮টি দেশে বাংলাদেশ জনশক্তি রপ্তানি করে। কিন্তু মোট প্রবাসী জনশক্তির ৩৫.৯৫ ভাগ আছে সৌদি আরবে। এরপর আরব আমিরাতে আছে ১৬.১৯ ভাগ, ওমানে ১১.৭২ ভাগ, কাতারে ৫.৬১ ভাগ, কুয়েতে ৪.২৯ ভাগ, বাহরাইনে ২.৫৫ ভাগ, লেবাননে ১. ৬৯ ভাগ ও জর্ডানে ১.৩৬ ভাগ। মধ্যপ্রাচ্যের এই আটটি দেশে বাংলাদেশের প্রবাসী জনশক্তির ৭৯.৩৬ ভাগ কাজ করেন।

১৯৭৬ সালে বিদেশে বাংলাদেশের ছয় হাজার ৮৭ জন কাজ করতেন। ২০২৩ সাল পর্যন্ত মোট বিদেশে গিয়েছেন এক কোটি ৬০ লাখ ৭৫ হাজার। ২০২৩ সালে বাংলাদেশ থেকে মোট জনশক্তি রপ্তানি হয়েছে ১৩ লাখ পাঁচ হাজার ৪৫৩ জন। ১৯৮৯ সালে বাংলাদেশ থেকে জনশক্তি রপ্তানি প্রথম লাখের ঘরে পৌঁছায়। হাসান আহমেদ চৌধুরী কিরণ মনে করেন, ”এখন আমাদের সংখ্যা নয়, গুণগত মানের দিকে নজর দেয়া দরকার। দক্ষ কর্মী কম পাঠালেও তারা রেমিট্যান্স বেশি দেবে। বিএমইটি যে ধরনের প্রশিক্ষণ দেয়, সেই প্রশিক্ষণ এখন আর কাজে লাগে না। প্রয়োজন একটি দেশের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ দেয়া।'' আর শরিফুল হাসান বলেন, ”ফিলিপাইন্সও কিন্তু সৌদি আরবে জনশক্তি

পাঠায়। সংখ্যায় অনেক কম। কিন্তু তারা দক্ষ জনশক্তি পাঠায়। তাই তাদের আয় অনেক বেশি। আমরা বছরে ১১-১২ লাখ অদক্ষ কর্মীর বদলে দক্ষ এক-দেড় লাখ কর্মী পাঠিয়ে এর চেয়ে বেশি রেমিট্যান্স আনতে পারি।„

বাংলাদেশের এখন এক কোটি লোক দেশের বাইরে কাজ করছেন। কিন্তু তাতে যত রেমিট্যান্স আসার কথা, তা আসছে না। আর গত বছর ১৩ লাখ লোক দেশের বাইরে গেলেও রেমিট্যান্সে সেই উর্ধ্বগতি নেই। ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে রেমিট্যান্স বেড়েছে ২.৫ শতাংশ। সরকার রেমিট্যান্সের ওপর প্রণোদনা দিলেও ব্যাংকিং চ্যানেলে অর্থ পাঠাবার প্রবণতা তেমন বাড়ছে না। আলী হায়দার চৌধুরী বলেন, ”কার্ব মার্কেটে ডলারের যে রেট, তাতে শতকরা আড়াই-তিন টাকায় কী হবে? এছাড়া ব্যাংকের চার্জ আছে। যারা অবৈধভাবে হুন্ডির ব্যবসা করে তারা তো ডোর টু ডোর সার্ভিস দেয়। আর বাংলাদেশের প্রবাসী কর্মীদের একটি অংশ আছে আন ডকুমেন্টেড। তারা তো আর ব্যাংকিং চ্যানেলে  অর্থ পাঠাতে পারেন না।„ সিপিডির গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, ”ডলারের উচ্চ মূল্যের কারণে প্রণোদনা তেমন কাজে আসছে না। কারণ, ডলারের ব্যাংক রেট আর কার্ব মার্কেটে রেটের অনেক পার্থক্য। এছাড়া দেশে ও বাইরে হুন্ডি চক্র ব্যাপাকভাবে সক্রিয়। যারা অর্থ পাচার করতে চায়, তারা বেশি দাম দিয়ে দেশের বাইরে ডলার কিনে নেয়।„ তবে বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র এবং নির্বাহী পরিচালক মেজবাউল হক মনে করেন, ”কিছুটা হলেও এই প্রণোদনার প্রভাব পড়ছে। প্রবাসীরা ব্যাংকিং চ্যানেলে দেশে অর্থ পাঠাতে উৎসাহী হচ্ছেন। তবে সেটা সন্তোষজনক নয়।„ তিনি বলেন, ”ক্যাশ ইনসেনটিভ ছাড়াও প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে তাদের নানা সুবিধা দেয়া হচ্ছে। আলাদা ব্যাংক করা হয়েছে। তারপরও নানা কারণে ব্যাংকিং চ্যানেলের বাইরে প্রবাসীদের অর্থ থেকে যাচ্ছে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৯.০৪.২০২৪ রিহাব)

## মন্ত্রী-এমপিদের আত্মীয়দের `রুখতে' প্রধানমন্ত্রীর নির্দেশ

আসন্ন উপজেলা নির্বাচন থেকে মন্ত্রী ও দলীয় এমপিদের স্বজনদের দূরে রাখার সিদ্ধান্ত নিয়েছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের শ্যালকের বিরুদ্ধে গুরুতর এক অভিযোগ ওঠার পর এমন সিদ্ধান্ত নেয়া হলো। উপজেলা নির্বাচনকে প্রভাবমুক্ত রাখতে দলের মন্ত্রী-এমপিদের আত্মীয়-স্বজনদের প্রার্থী হতে নিষেধ করেছেন শেখ হাসিনা। আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন ডয়চে ভেলেকে বলেন, ”নির্বাচন যাতে প্রভাবমুক্তভাবে হয়, সে কারণেই প্রধানমন্ত্রী এই সিদ্ধান্ত দিয়েছেন। আমরা আশা করছি, সবাই এই সিদ্ধান্ত মেনে নেবেন। নির্বাচনকে অংশগ্রহণমূলক করতেই তিনি এই সিদ্ধান্ত দিয়েছেন। মন্ত্রী ও এমপিরা নির্বাচনে কোনো প্রভাব বিস্তার করবেন না বলেই আমাদের বিশ্বাস। আমার দায়িত্বপ্রাপ্ত এলাকার মধ্যে একজন প্রতিমন্ত্রীর শ্যালক একটি অনাকাঙ্ক্ষিত ঘটনার সঙ্গে জড়িয়ে পড়েছেন। আমি নিজে ওই প্রতিমন্ত্রীর সঙ্গে কথা বলেছি। ঘটনার সময় তিনি দেশে ছিলেন না। তবে এই ঘটনার জন্য তিনি দুঃখ প্রকাশ করেছেন এবং আহত ব্যক্তিকে দেখতে হাসপাতালে গেছেন। তিনি আমাকে আশ্বস্ত করেছেন প্রধানমন্ত্রীর নির্দেশনা মেনে তার শ্যালক নির্বাচন থেকে সরে দাঁড়াবেন। এমন আরও দু-একজন আছেন, তাদের সঙ্গেও যোগাযোগ হচ্ছে।„

দেশে এখন ৪৯৫টি উপজেলা রয়েছে। এবার চার ধাপে নির্বাচন উপযোগী ৪৮৫টিতে ভোট হবে, পরে মেয়াদোত্তীর্ণ হলে বাকিগুলোয় ভোটের আয়োজন করবে নির্বাচন কমিশন। আগামী ৮ই মে থেকে প্রথম পর্যায়ের ভোট শুরু হবে। উপজেলা নির্বাচন নিয়ে মন্ত্রী-এমপিদের হস্তক্ষেপ এবং দলীয় বিভেদের তথ্য দলীয় সভাপতি শেখ হাসিনার দৃষ্টিগোচর হলে তিনি ক্ষুব্ধ প্রতিক্রিয়া দেখিয়েছেন। এরপর তিনি সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরকে ডেকে উপজেলা নির্বাচনে মন্ত্রী-সংসদ সদস্যদের সন্তান, পরিবারের সদস্য ও নিকটাত্মীয়দের ব্যাপারে এই নির্দেশনা দেন। আওয়ামী লীগ সভাপতির নির্দেশনা দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদকদের জানিয়ে দিয়েছেন। বৃহস্পতিবার সকালে ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার রাজনৈতিক কার্যালয়ে অনানুষ্ঠানিক বৈঠকে ওবায়দুল কাদের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদকদের জানিয়ে দেন। জানা গেছে, সাবেক নৌ-পরিবহণ মন্ত্রী শাজাহান খানের ছেলে মাদারীপুরে, আইসিটি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলকের শ্যালক নাটোরে, প্রেসিডিয়াম সদস্য আব্দুর রাজ্জাকের ভাগ্নে টাঙ্গাইলে, শিল্পমন্ত্রী নুরুল মজিদ হুমায়নের ভাই নরসিংদীতে, সাবেক মন্ত্রী গোলাম দস্তগীর গাজীর ছেলে নারায়নগঞ্জে, একরামুল করিম চৌধুরী এমপির ছেলে নোয়াখালীতে নির্বাচন করছেন। ইতিমধ্যে বেশ কয়েকজনকে ফোন করে স্বজনদের সরে যেতে বলতে বলা হয়েছে। এরপরও কেউ নির্বাচন থেকে সরে না এলে নির্দেশনা অমান্যকারীদের বহিষ্কারসহ সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে বলেও হুঁশিয়ারি দেওয়া হয়েছে আওয়ামী লীগের কেন্দ্র থেকে। নাটোরের সিংড়া উপজেলায় এক প্রার্থীকে তুলে নিয়ে মারধরের অভিযোগ উঠেছে প্রতিদ্বন্দ্বী আরেক প্রার্থীর বিরুদ্ধে। যার বিরুদ্ধে অভিযোগ, সেই লুৎফুল হাবীব ওই এলাকার সংসদ সদস্য এবং আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের শ্যালক। নোয়াখালীর সুবর্ণচরে নিজের ছেলে আতাহার ইশরাক সাবার চৌধুরীকে ভোট না দিলে উন্নয়ন কাজ না করার হুমকি দিয়েছেন স্থানীয় সংসদ সদস্য একরামুল করিম চৌধুরী। দলের সিদ্ধান্তের পর এখন ছেলে নির্বাচন করবে কি না জানতে চাইলে একরামুল করিম চৌধুরী ডয়চে ভেলেকে বলেন, ”সাংগঠনিক সম্পাদক ফোন করে আমাকে দলের সিদ্ধান্তের কথা জানিয়েছেন। আমি তাকে বলেছি, আমার ছেলে যদি ভোট করতে না পারে

তাহলে তার প্রতিদ্বন্দ্বী যিনি আছেন জেলা আওয়ামী লীগের সভাপতি খায়রুল আলম চৌধুরী সেলিমকেও সরে যেতে হবে। কারণ, কিছুদিন আগে তিনি নৌকার বিরুদ্ধে ভোট করেছেন। তিনি সরে না গেলে আমার ছেলে সরে যাবে কি না সেটা এখনও বলা যাবে না। তবে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আমাদের নোয়াখালীর অভিভাবক, তিনি যেভাবে সিদ্ধান্ত দেবেন, আমরা সেটা মেনে নেব।„

নৌকার বিরুদ্ধে ভোট করার বিষয়ে জানতে চাইলে খায়রুল আলম চৌধুরী সেলিম ডয়চে ভেলেকে বলেন, ”আমি কখনোই নৌকার বিরুদ্ধে ভোট করিনি। উনি এখন মিথ্যা কথা বলছেন। আমি সুবর্ণচর উপজেলার টানা তিনবারের চেয়ারম্যান। জাতীয় নির্বাচনে ভোটের সময় আমার কী ভূমিকা ছিল সেটা ওবায়দুল কাদের জানেন। ফলে দলীয় সিদ্ধান্ত মেনে যদি আতাহার ইশরাক সাবার চৌধুরী সরে যান তো ভালো। না হলে দলই সিদ্ধান্ত নেবে।„ ওবায়দুল কাদের দলের সাংগঠনিক সম্পাদক ও দপ্তরকে সারা দেশে নির্বাচনে মন্ত্রী-এমপিদের স্বজন ও পরিবারের সদস্য নির্বাচন করছেন, সেই তালিকা তৈরির নির্দেশ দিয়েছেন বলে জানা গেছে। কথিত নির্দেশনায় বলা হয়েছে, ”আওয়ামী লীগের মন্ত্রী-এমপিরা তাদের আত্মীয়-স্বজনদের যেন বলে দেয়, উপজেলা নির্বাচনে প্রার্থী হিসেবে অংশ না নেওয়ার জন্য। এটা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ।„ উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণার পর থেকেই দেশের বিভিন্ন স্থানে প্রভাবশালী এমপি মন্ত্রীদের আত্মীয়-স্বজন প্রার্থী হওয়ার ঘোষণা দিয়ে প্রভাব বিস্তারের চেষ্টা করেন। এর ফলে নির্বাচনের পরিবেশে বিঘ্ন সৃষ্টি হয়। উপজেলা নির্বাচনে কাউকে সমর্থন না দিতে আওয়ামী লীগের হাইকমান্ড বারবার নির্দেশনা দিয়েছেন। কিন্তু কেউ কেউ তা শুনেননি। এ কারণেই কঠোর নির্দেশনা এলো।

তবে সব এলাকায় পরিস্থিতি একই রকম নয়। নরসিংদীর রায়পুরা উপজেলার বর্তমান চেয়ারম্যান লায়লা কানিজ ডয়চে ভেলেকে বলেন, ”আমার এলাকার এমপি রাজিউদ্দিন আহমেদ রাজু। তিনি সাবেক মন্ত্রী। অথচ উপজেলা নির্বাচন নিয়ে তিনি কোনো প্রভাব বিস্তার করছেন না। এখন পর্যন্ত আমার উপজেলায় চেয়ারম্যান পদে ৪-৫ জন প্রার্থী হয়েছেন। এলাকার পরিবেশ যথেষ্ট ভালো। আমরা আশা করছি, এখানে ভালো নির্বাচন হবে।„ আইনে দলীয় প্রতীকে উপজেলা পরিষদের চেয়ারম্যান পদে ভোট করার সুযোগ থাকলেও স্থানীয় সরকারের এ নির্বাচনে দলীয় প্রতীক বা মনোনয়ন না দেওয়ার কথা আগেই জানিয়ে রেখেছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। ফলে আওয়ামী লীগ নেতাদের নির্বাচন করতে হচ্ছে স্বতন্ত্র প্রার্থী হিসেবে। আওয়ামী লীগের কেন্দ্রীয় একজন নেতা বলেন, ”দলের কেন্দ্রীয় অধিকাংশ নেতার অভিমত ছিল দলীয় প্রতীক বরাদ্দের কারণে দলের তৃণমূলে গ্রুপিং বৃদ্ধি পাচ্ছে। এ কারণে দলীয় প্রতীক বরাদ্দ না দেওয়ার ব্যাপারে কঠোর সিদ্ধান্ত গ্রহণ করেন দলের হাইকমান্ড।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ:১৯.০৪.২০২৪ রিহাব)

# রেডিও টুডে

## ইরানের ভূখণ্ডে মিসাইল হামলা চালিয়েছে ইসরাইল

ইরানের ভূখণ্ডে মিসাইল হামলা চালিয়েছে ইসরাইল। শুক্রবার ভোরে এই হামলা হয় বলে মার্কিন গণমাধ্যম এবিসি নিউজের বরাত দিয়ে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। তবে ইরান বলছে, ক্ষেপণাস্ত্র নয়; ড্রোন হামলা চালিয়েছে ইসরাইল। ইরানের সরকারি গণমাধ্যম শুক্রবার সকালে বলেছে দেশটির নিরাপত্তা বাহিনী তিনটি ড্রোন ধ্বংস করেছে তারা। ইসরাইলে ইরানের হামলার কয়েকদিন পরে পাল্টা হিসেবে এই হামলা হলো।

(রেডিও টুডে :১৩৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

## উৎপাদন বাড়িয়ে বিদেশ নির্ভরতা কমানোর পরামর্শ দিয়েছেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, একসময় যারা নুন-ভাতের বা ডাল-ভাতের কথা চিন্তা করতে পারত না তারা এখন মাছ-মাংসের কথা চিন্তা করে। ফলে যারা সরকারের সমালোচনা করেন তাদের সেগুলো মাথায় রেখে উন্নয়ন হয়েছে কি না তা বিবেচনা করতে হবে। শুক্রবারে গণমাধ্যমে কৃষক লীগের প্রতিষ্ঠা বার্ষিকীতে সংগঠনের নেতাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। এ সময় কৃষি উৎপাদন বাড়িয়ে আমদানি নির্ভরতা কমানোর পরামর্শ দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন বীজ, মাছ, ধান, সবজি-সহ বিভিন্ন ফসলের উৎপাদন বাড়িয়ে আওয়ামী লীগ সরকার বিদেশ নির্ভরতা কমিয়েছে। জাতির পিতার দেখানো পথে সমবায় কৃষি নিশ্চিত করা হলে দেশে কখনো খাদ্যের অভাব হবে না বলে ও মন্তব্য করেন সরকার প্রধান। (রেডিও টুডে :১৩৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

## মিয়ানমার সীমান্ত রক্ষী বাহিনীর আরো ১৩ জন সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন

কক্সবাজারের টেকনাফ সীমান্ত এলাকা দিয়ে আবারও মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনী বিজিপির ১৩ সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছে। তাদেরকে বর্তমানে বিজিবি হেফাজতে রাখা হয়েছে। বৃহস্পতিবার রাতে টেকনাফের নাফ নদী সীমান্ত দিয়ে তারা বাংলাদেশে অনুপ্রবেশ করে কোস্ট গার্ডের কাছে আত্মসমর্পণ করে। পরে তাদের নিরস্ত্র করে বিজিবির কাছে হস্তান্তর করা হয়। বিজিবি সদর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা মো. শরিফুল ইসলাম গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। বর্তমানে মোট ২৭৪ জন বিজিপি ও সেনা সদস্য বাংলাদেশে আশ্রয় গ্রহণ করে আছে।

(রেডিও টুডে :১৩৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

## দেশের কয়েকটি জেলার উপর দিয়ে চলমান তাপ প্রবাহ অব্যাহত থাকতে পারে : আবহাওয়া অধিদপ্তর

দেশের বেশ কয়েকটি জেলায় চলমান তাপ প্রবাহ অব্যাহত থাকতে পারে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শুক্রবার সকাল ৯ টায় আবহাওয়ার এক পূর্বাভাসে এই তথ্য জানিয়েছে সংস্থাটি। তবে এক্ষেত্রে শুধু সিলেট বিভাগের নদী বন্দরগুলোকে এক নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।(রেডিও টুডে :১৩৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

## জাতীয় পতাকার নকশাকার শিব নারায়ণ দাস মারা গেছেন

১৯৭১ সালের দোসরা মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনে ছাত্রদের পক্ষে পতাকা উড়িয়ে ছিলেন ছাত্রনেতা তৎকালীন ডাকসু ভিপি আসম আব্দুর রব-সহ অন্য নেতারা। দেশ স্বাধীনের আগে এই পতাকার নকশাকারকদের অন্যতম ছিলেন বীর মুক্তিযোদ্ধা শিব নারায়ন দাস। আজ শুক্রবার সকালে রাজধানীর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা গেছেন। শিব নারায়ন দাসের একমাত্র ছেলে অর্ণব আদিত্য দাস তার ফেসবুকে জানিয়েছেন তার বাবা সকাল ৯ টা ২৫ মিনিটে মারা গেছেন। তিনি তার বাবার জন্য সকলের কাছে প্রার্থনা কামনা করেছেন। জাতীয় পতাকার সবুজ জমিনে বাংলাদেশের যে হলুদ মানচিত্রটি ছিল তা অংকন করেছিলেন শিব নারায়ন দাস। (রেডিও টুডে :১৩৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

## শিবনারায়ণ দাসের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

বাংলাদেশের জাতীয় পতাকার নকশাকার বীর মুক্তিযোদ্ধা শিব নারায়ণ দাশের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ শুক্রবার এক বার্তায় তিনি প্রয়াত শিব নারায়ণ দাশের আত্মার শান্তি কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন, গুণগ্রাহীদের প্রতি গভীর সমবেদনা জানান। শিবনারায়ণ দাস সকালে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় পরলোকগমন করেন। তার বয়স হয়েছিল ৭৮ বছর।(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

## বিএনপি এখন পথহারা পথিকের মতো দিশেহারাঃ ওবায়দুল কাদের

বিএনপি এখন পথহারা পথিকের মতো দিশেহারা বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। শুক্রবার বাংলাদেশ কৃষক লীগের ৫২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউট অডিটোরিয়ামে এ সভার আয়োজন করা হয়। সেতুমন্ত্রী বলেন, বাংলাদেশকে নিয়ে কথায় কথায় মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন মহাবিপদ। মহাবিপদে আছে বিএনপি। নেতা লন্ডনে, কর্মীরা হতাশ। কী করবে? হাল ধরার কেউ নেই। বিএনপি পথহারা পথিকের মতো দিশেহারা। এ দলের ভবিষ্যৎ আছে বলে কর্মীরাও বিশ্বাস করে না। তিনি আরও বলেন, তবে এ দলকে নিয়ে মাথাব্যথার কারণ একটা আছে। এরা সাম্প্রদায়িক শক্তির ঠিকানা। এরা জঙ্গিবাদের পৃষ্ঠপোষক। এরা এ দেশে অর্থপাচার-দুর্নীতির রাজা। কাজেই এ অপশক্তিকে রুখতে হবে। এ দেশের উন্নয়ন, নিরাপত্তা, গণতন্ত্র, সার্বিক অগ্রগতির পথে প্রধান অন্তরায় হচ্ছে বিএনপি। এদের প্রশ্রয় দেওয়া যাবে না। এদের রুখতে হবে। বাংলাদেশকে আরও এগিয়ে নিয়ে যেতে এ অপশক্তিকে রুখতে হবে একসঙ্গে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

## হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমান বন্দরের বাউন্ডারি ভেঙ্গে বাস ঢুকে এক ইঞ্জিনিয়ারের মৃত্যু

রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালের বাউন্ডারি ভেঙ্গে রায়দা পরিবহনের একটি বাস ঢুকে গেছে। এই ঘটনায় সিভিল এভিয়েশনের একজন সিনিয়র ইঞ্জিনিয়ার নিহত হয়েছে বলে জানা গেছে। নিহতের নাম মাইদুল ইসলাম সিদ্দিকী। তিনি সিভিল এভিয়েশনের সিনিয়র সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার। শুক্রবার সকাল দশটায় এই দুর্ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করেছেন বিমানবন্দর থানার উপপরিদর্শক সুমন চন্দ্র দাস।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

## দেশটাকে মগের মুল্লুক-এ পরিণত করেছে আওয়ামী লীগ : মির্জা ফখরুল

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দেশটা এখন আওয়ামী মগের মুল্লুকে পরিণত হয়েছে। ৭ই জানুয়ারি ডামি নির্বাচনের মাধ্যমে জোর জবরদস্তিমূলকভাবে রাষ্ট্রক্ষমতা দখলকারী আওয়ামী শাসকগোষ্ঠী অবৈধ ক্ষমতা ধরে রাখতে দেশব্যাপী বিএনপিসহ বিরোধী দলের নেতাকর্মীদের ওপর ভিন্ন ভিন্ন পন্থায় জুলুম-নির্যাতনের মাত্রা বৃদ্ধি করেছে।

গত ১৭ ও ১৮ই এপ্রিল দিনাজপুর জেলা বিএনপিসহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ এবং কেন্দ্রীয় যুবদল নেতার জামিন আবেদন নামঞ্জুর ও কারান্তরীণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে শুক্রবার গণমাধ্যমে পাঠানো বিবৃতিতে তিনি এসব কথা বলেন। বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেন, অব্যাহত গতিতে বানোয়াট ও ভিত্তিহীন মামলা দায়ের করে বিরোধী নেতাকর্মীদের পর্যদুস্ত ও নাজেহাল করা হচ্ছে। আর এধরনের অপকর্ম সাধনের একমাত্র উদ্দেশ্যই হচ্ছে—দেশের বিরোধী দলগুলো যেন দখলদার সরকারের স্বৈরাচারী আচরণের সমালোচনা করতে সক্ষম না হয়। মিথ্যা মামলায়

বিএনপি নেতাকর্মীদেরকে জামিন না দিয়ে কারাগারে প্রেরণের মাধ্যমে গোটা দেশকেই কারাগারে পরিণত করা হয়েছে। মির্জা ফখরুল বলেন, আদালত কর্তৃক উল্লিখিত নেতৃবৃন্দের জামিন বাতিল ও কারান্তরীণের ঘটনায় আমি গভীর উদ্বেগ প্রকাশ করছি এবং অবিলম্বে তাদের বিরুদ্ধে দায়েরকৃত বানোয়াট ও রাজনৈতিক প্রতিহিংসামূলক মামলা প্রত্যাহারসহ নি:শর্ত মুক্তির জোর আহ্বান জানাচ্ছি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

## রাজধানীর শিশু হাসপাতালে লাগা আগুন নিয়ন্ত্রণ এসেছে

রাজধানীর আগারগাঁওয়ে ঢাকা শিশু হাসপাতালের আগুন নিয়ন্ত্রণে এসেছে। শুক্রবার দুপুর ২টা ২৮ মিনিটে আগুন নিয়ন্ত্রণে আসে। এ বিষয়ে শিশু হাসপাতালের পরিচালক অধ্যাপক ডা. জাহাঙ্গীর আলম বলেন, হাসপাতালের বি ব্লকে আগুন লেগেছে। আগুনের চেয়ে ধোঁয়া একটু বেশি ছড়িয়েছিল। ফায়ার সার্ভিস কাজ করছে। ইতিমধ্যেই সব রোগীদের আমরা সরিয়ে নিয়ে আসছি। ফায়ার সার্ভিস জানিয়েছে, আগুন অনেকটাই নিয়ন্ত্রণে চলে এসেছে। আগুনের সূত্রপাত সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, আমরা এখনও বিস্তারিত কিছু বলতে পারছি না। তবে আশঙ্কা করছি এসি থেকে আগুন লাগতে পারে। এর আগে দুপুর পৌনে ২টায় আগুন লাগার সংবাদ পায় ফায়ার সার্ভিস। ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার লিমা খানম বলেন, আমাদের কাছে সংবাদ এসেছে ঢাকা শিশু হাসপাতালে আগুন লেগেছে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট ঘটনাস্থলে কাজ করছে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

## সারাদেশে তিন দিনের জন্য হিট এলার্ট জারি করেছে আবহাওয়া অধিদপ্তর

দেশের কয়েকটি জেলার উপর দিয়ে কয়েক দিন ধরে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। বিশেষ করে দেশের পশ্চিমের জেলা চুয়াডাঙ্গায় অন্যান্য বারের মতো এবারও তীব্র গরম লক্ষ্য করা যাচ্ছে। টানা কয়েকদিনের প্রচণ্ড গরমে জনজীবনে নাভিশ্বাস উঠেছে। এ অবস্থায় সারাদেশে তিন দিনের জন্য সতর্কতামূলক হিট অ্যালার্ট জারি করেছে আবহাওয়া কর্তৃপক্ষ। শুক্রবার এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সতর্কতা জারির কথা জানানো হয়। আবহাওয়াবিদ ড. মো. আবুল কালাম মল্লিকের সই করা সতর্কতায় বলা হয়েছে দেশের উপর দিয়ে চলমান তাপ প্রবাহ আরো তিন দিন অব্যাহত থাকতে পারে। পাশাপাশি তাপমাত্রা আরো বাড়ার আশঙ্কা রয়েছে। জলীয় বাষ্পের আধিক্যের কারণে জনজীবনে অস্বস্তি বাড়তে পারে বলেও জানান তিনি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৯.০৪.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## ১৩ জেলায় তীব্র তাপপ্রবাহ, গরম থেকে সহসাই মুক্তি মিলছে না

দেশের ১৩ জেলায় সর্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস পার হয়ে চলছে তীব্র তাপপ্রবাহ। এছাড়া বিস্তীর্ণ অঞ্চলজুড়ে বইছে মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ। তীব্র গরমে খুলনা, ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে জনজীবনের স্বাভাবিকতা বিঘ্নিত হচ্ছে। মানুষের দুর্ভোগ চরম আকার ধারণ করেছে। শ্রমজীবী মানুষ, শিশু ও বৃদ্ধদের কষ্টের কোনো সীমা নেই। এই গরম থেকে সহসাই মুক্তি মিলছে না বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা। বরং শনিবার গরম আরও বাড়ার আভাস দিয়েছেন তারা। শুক্রবার তাপপ্রবাহের সতর্কবার্তা জারি করেছে আবহাওয়া অধিদপ্তর। এতে বলা হয়েছে, দেশের ওপর দিয়ে চলমান তাপপ্রবাহ আজ থেকে পরবর্তী ৭২ ঘণ্টা অব্যাহত থাকতে পারে এবং তাপমাত্রা আরও বাড়তে পারে। শুক্রবার সারাদিন রাজধানীতে মেঘমুক্ত আকাশে সূর্য যেন আগুন ঝরিয়েছে। রাজধানীতে গরমে ঘরেও টেকা যাচ্ছে না। দুঃসহ হয়ে উঠেছে ফ্যানের বাতাসও। তীব্র গরমের সঙ্গে কোথাও কোথাও যুক্ত হয়েছে লোডশেডিং। বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বাড়ায় ভ্যাপসা গরমে অনেকেরই ঘুম নেই রাতে।

আজ দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে চুয়াডাঙ্গায়। এটিই চলতি গ্রীষ্ম মৌসুমের সবচেয়ে বেশি সর্বোচ্চ তাপমাত্রা। খুলনা বিভাগের সবগুলো স্টেশনেই সর্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াসের ওপরে, অর্থাৎ তীব্র তাপপ্রবাহ বইছে। আর আজ ঢাকার সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৮ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়াবিদ খো. হাফিজুর রহমান জানান, রাজশাহী, পাবনা ও টাঙ্গাইল; খুলনা বিভাগের ১০ জেলাসহ মোট ১৩ জেলার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ এবং চাঁদপুর ও মৌলভীবাজার জেলাসহ ঢাকা ও রাজশাহী বিভাগের অবশিষ্টাংশ ও বরিশাল বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। শুক্রবার সন্ধ্যা ৬টা থেকে আগামী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে তিনি জানান, কুমিল্লা ও কিশোরগঞ্জ অঞ্চলসহ ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝোড়ো হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

## ফেরত যাবে মিয়ানমারের ২৮৫ সেনা, ফিরবে ১৫০ বাংলাদেশি : পররাষ্ট্রমন্ত্রী

মিয়ানমারের ২৮৫ জন সেনা ফেরত যাবে এবং ১৫০ জন বাংলাদেশি ফিরবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। তিনি বলেন, বাংলাদেশে আশ্রয় নেওয়া মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও সেনাবাহিনীর ২৮৫ জন সদস্যকে মিয়ানমারের জাহাজে নৌপথে ফেরত যাওয়ার ক্লিয়ারেন্স দেওয়া হয়েছে। আগামী ২২ই এপ্রিল জাহাজযোগে তাদের ফেরত নিতে সম্মত মিয়ানমারে আটকে পড়া ১৫০ জন বাংলাদেশিও একই জাহাজে ফেরত আসবে। তবে জাহাজের যাত্রা সমুদ্র ও মিয়ানমারের পরিস্থিতির ওপর নির্ভর করবে। গ্রিসে অনুষ্ঠিত নবম আওয়ার ওশান কনফারেন্সে যোগদান শেষে দেশে ফিরে শুক্রবার (১৯ই এপ্রিল) সন্ধ্যায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশের (পিআইবি) মহাপরিচালক জাফর ওয়াজেদ গ্রন্থিত `ভুবনজোড়া শেখ হাসিনার আসনখানি, বইয়ের মোড়ক উন্মোচনকালে তিনি এ কথা জানান। এসময় পররাষ্ট্র মন্ত্রণালয় ও পিআইবির কর্মকর্তা ও গণমাধ্যম প্রতিনিধিরা অনুষ্ঠানে অংশ নেন।

তিনি বলেন, মৃত্যুঞ্জয়ী শেখ হাসিনা সব প্রতিবন্ধকতা উপড়ে ফেলে দেশ ও জাতিকে এগিয়ে নিয়ে চলেছেন। বারবার মৃত্যু উপত্যকা থেকে ফিরে বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা বিচলিত হননি, জনগণের সংগ্রামের কাফেলা এগিয়ে নিয়েছেন, দেশকে বিশ্বের বুকে মর্যাদা ও সম্মানের আসনে আসীন করেছেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, জননেত্রী শেখ হাসিনার মতো নেতৃত্ব বর্তমান বিশ্বে বিরল। তিনি শুধু দেশেরই নন, তিনি আজ বিশ্বনেতা। যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ঋষি সুনাক বলেছেন, শেখ হাসিনা শুধু তারই নন, তার সন্তানদেরও প্রেরণা। ভারতের প্রিয়াঙ্কা গান্ধী শেখ হাসিনাকে জড়িয়ে ধরে তাকে নিজের প্রেরণা বলে উল্লেখ করেছেন। ফিলিস্তিনের রাষ্ট্রদূত বলেছেন, আরব বিশ্বে একজন শেখ হাসিনা থাকলে হয়তো গাজায় যুদ্ধ বন্ধ করা যেত। ড. হাছান বলেন, শুধু তাই নয়, যে-কোনো বিশ্বসভায় বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা যোগ দিলে তিনিই মনোযোগের কেন্দ্রবিন্দুতে পরিণত হন। পররাষ্ট্রমন্ত্রী `ভুবনজোড়া শেখ হাসিনার আসনখানি, প্রবন্ধ সংকলন প্রণয়নের জন্য গ্রন্থকার জাফর ওয়াজেদকে ধন্যবাদ জানান। সাংবাদিকরা বিএনপি আবার বিদেশি দূতাবাসে ধরণা দিচ্ছে- এমন প্রশ্ন করলে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হাছান মাহমুদ বলেন, `যে-কোনো কিছুতেই বিদেশিদের কাছে ধরণা দেওয়া বিএনপির সবচেয়ে বড় রাজনৈতিক দুর্বলতা। বাংলাদেশে ক্ষমতার উৎস জনগণের কাছে না গিয়ে বিদেশিদের কাছে গেলে বিদেশিরা তো বিএনপিকে কোলে করে ক্ষমতায় বসিয়ে দেবে না। আর আওয়ামী লীগ জনগণের ক্ষমতায় বিশ্বাসী। জনগণই ভোট দিয়ে আওয়ামী লীগকে নির্বাচিত করে দেশ পরিচালনার দায়িত্ব দিয়েছে। ফলে বিএনপি নেতাদের বক্তব্য সার্কাসের মতো মনে হয়।,

(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

## নকশাকার শিব নারায়ণ দাসের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

নকশাকার বীর মুক্তিযোদ্ধা শিব নারায়ণ দাসের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী এবং আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা ও সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। শুক্রবার, ১৯শে এপ্রিল এক শোকবার্তায় প্রধানমন্ত্রী প্রয়াত শিব নারায়ণ দাসের পবিত্র আত্মার শান্তি কামনা এবং তার শোকসন্তপ্ত পরিবার-পরিজন, আত্মীয়-স্বজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। শিব নারায়ণ দাস শুক্রবার সকালে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৮ বছর এবং তিনি স্ত্রী ও ১ ছেলেসহ অসংখ্য আত্মীয়-স্বজন, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ী রেখে গেছেন। শিব নারায়ণ দাস বাংলাদেশের প্রথম জাতীয় পতাকার অন্যতম এবং মূল নকশাকার। ১৯৭০ সালের ৬ই জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইকবাল হলে অর্থাৎ বর্তমান শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের ১১৬ নং কক্ষে রাত এগারটার পর পুরো পতাকার নকশা সম্পন্ন করেন। এ পতাকাই পরবর্তীতে ১৯৭১ সালের ২রা মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় উত্তোলন করা হয়। শিব নারায়ণ দাসের বাবা সতীশচন্দ্র দাশ কুমিল্লাতে আয়ুর্বেদ চিকিৎসা করতেন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালীন পাক হানাদাররা তাকে ধরে নিয়ে গিয়ে হত্যা করে। শিবনারায়ণ দাশের স্ত্রী গীতশ্রী চৌধুরী এবং তাদের এক ছেলে অর্ণব আদিত্য দাশ। শিবনারায়ণ দাস প্রথম ভাষা সৈনিক ধীরেন্দ্রনাথ দত্তের হাত ধরে রাজনীতিতে আসেন। ১৯৬২ সালের শিক্ষা আন্দোলনে অংশগ্রহণ করে কারাবরণ করেন। অসুস্থতাজনিত কারণে দীর্ঘদিন তিনি রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

## বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে কোনো মামলা রাজনৈতিক নয় : প্রধানমন্ত্রী

বিএনপি নেতা-কর্মীদের বিরুদ্ধে কোনো মামলা রাজনৈতিক নয় বলে জানিয়েছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শুক্রবার, ১৯শে এপ্রিল কৃষক লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে গণভবনে সংগঠনের নেতাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা একথা বলেন। শেখ হাসিনা বলেন, 'আজকে বিএনপি সব জায়গায় কান্নাকাটি করে বলছে তাদের বিরুদ্ধে মামলা। তাদের জিজ্ঞেস করতে হবে মামলাগুলো কীসের মামলা? অগ্নিসন্ত্রাস, অস্ত্রপাচার, গ্রেনেড হামলাসহ বিভিন্ন অপরাধের মামলা। তারা অপরাধ করেছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে। সেটাই তো বাস্তবতা।' তিনি বলেন, 'তারা ৩ হাজার ৮০০ গাড়ি পুড়িয়েছে, বাস, লঞ্চ, রেল পুড়িয়েছে, তাদের বিরুদ্ধে

মামলা হবে না তো কী হবে? ওদের বিরুদ্ধে কোনো মামলা তো পলিটিক্যাল মামলা না; প্রত্যেকটা মামলা হচ্ছে অগ্নিসন্ত্রাসের মামলা, তারা মানুষ হত্যা করেছে আগুন দিয়ে, ২৮শে অক্টোবর যে ঘটনা তারা ঘটালো নির্বাচন ঠেকাতে যেয়ে রেলে আগুন দিয়ে মা-শিশুকে পুড়িয়ে মেরেছে, যারা এগুলো করলো তাদের বিরুদ্ধে কি মামলা হবে না? তাদের কি মানুষ পূজা করবে?' এসব মামলা আরো দ্রুত শেষ করে শাস্তি দিয়ে দেওয়া উচিত বলেও মন্তব্য করেন প্রধানমন্ত্রী। আওয়ামী লীগ প্রতিশোধপরায়ণ না দেখে বিএনপি এখনো কথা বলার সুযোগ পাচ্ছে মন্তব্য করে শেখ হাসিনা বলেন, 'তাদের ভাগ্য ভালো আমরা ক্ষমতায় আছি, আমরা তাদের মতো প্রতিশোধপরায়ণ না দেখে তারা এখনো কথা বলার সুযোগ পায়। তারা সারাদিন কথা বলে মাইক লাগিয়ে, তারপর বলবে কথা বলার সুযোগ পায় না।' বিরোধী দলে থাকার সময়কার কথা তুলে ধরে তিনি বলেন, 'আওয়ামী লীগ অফিসে তো আমরা ঢুকতেই পারতাম না। কীভাবে তারা অত্যাচার করেছে আমাদের ওপর, আমরা তো তার কিছুই করি নাই। আমরা প্রতিশোধ নিতে ব্যস্ত থাাকিনি। আমরা আমাদের সব শক্তি-মেধা কাজে লাগিয়েছি দেশের উন্নয়নে, দেশের মানুষের জন্য কাজ করতে। কৃষি সমবায়ের ওপর গুরুত্বারোপ করে শেখ হাসিনা বলেন, সরকার বছরে ২৬ হাজার কোটি টাকা ভর্তুকি দিচ্ছে। জাতির পিতার দেখানো পথে সমবায় কৃষি নিশ্চিত করা হলে দেশে কখনো খাদ্যের অভাব হবে না।' তিনি বলেন, 'একসময় যারা নুন ভাতের কথা বা ডাল ভাতের কথা চিন্তা করতে পারতো না, এখন তারা মাছ-মাংস, ডিমের কথাও চিন্তা করে। ফলে যারা সরকারের সমালোচনা করেন তাদের সেগুলো মাথায় রেখে উন্নয়ন হয়েছে কি না তা বিবেচনা করতে হবে।' প্রধানমন্ত্রী বলেন, 'বীজ উৎপাদনে বিএডিসিসহ নানা গবেষণা প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হয়েছিল নানা সময়ে। আওয়ামী লীগ ক্ষমতায় এসেই কৃষি গবেষণায় জোর দেয়। বীজ, মাছ, ধান, সবজিসহ বিভিন্ন ফসল উৎপাদন বাড়িয়ে বিদেশি নির্ভরতা কমিয়ে এনেছে আওয়ামী লীগ সরকার। খাদ্য নিরাপত্তা নিশ্চিত করে আওয়ামী লীগ দেশের মানুষের পুষ্টির চাহিদা পূরণ করছে।' সরকারপ্রধান বলেন, 'খাদ্য সংরক্ষণ, খাদ্য ব্যবস্থাপনায় কৃষকদের জন্য নতুন নতুন উদ্যোগ গ্রহণ করেছে সরকার। গবেষণার প্রতি গুরুত্ব দেওয়ার পাশাপাশি কৃষকদের প্রতি গুরুত্ব দেওয়ার ফলেই এদেশের কৃষি সমৃদ্ধ হয়েছে। তিনি আরো বলেন, বিএনপি কখনোই চায়নি এদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হোক, তারা চেয়েছে অন্য দেশ থেকে ভিক্ষা করে দেশ চালাতে।' আজ আওয়ামী লীগের সহযোগী সংগঠন বাংলাদেশ কৃষক লীগের ৫২তম প্রতিষ্ঠাবার্ষিকী। কৃষকের অধিকার রক্ষায় ১৯৭২ সালের এই দিনে ১৯শে এপ্রিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশে সংগঠনটি প্রতিষ্ঠা করেছিলেন। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে নেতা-কর্মীসহ সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন সংগঠনের সভাপতি কৃষিবিদ সমীর চন্দ ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক বিশ্বনাথ সরকার। প্রতিষ্ঠাবার্ষিকীতে সকাল সাড়ে ৬টায় আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন, সকাল সাড়ে ৭টায় মানিক মিয়া এভিনিউ থেকে ধানমন্ডির ৩২ পর্যন্ত আনন্দ শোভাযাত্রা, সকাল সাড়ে ৭টায় ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। এরপর সকাল ১০টায় গণভবনে আওয়ামী লীগের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ফুলেল শুভেচ্ছা বিনিময় এবং কেক কাটা অনুষ্ঠানে যোগ দেন নেতা-কর্মীরা। (জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

## বিএনপির হাল ধরার কেউ নেই, তারা পথহারা পথিক : সেতুমন্ত্রী

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, `আন্দোলনে ব্যর্থ এবং নির্বাচনে ব্যর্থ হয়ে বিএনপি নেতারা নিজেরাই মহাবিপদে আছেন। তাদের হাল ধরার কেউ নেই, তারা পথহারা পথিক।, শুক্রবার, ১৯শে এপ্রিল বিকেলে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশনে আয়োজিত আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। কৃষকলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এ আলোচনা সভার আয়োজন করা হয়। ওবায়দুল কাদের বলেন, `এদেশের উন্নয়ন-অগ্রগতির পথে প্রধান অন্তরায় জঙ্গিবাদের প্রধান পৃষ্ঠপোষক বিএনপি। দেশের উন্নয়ন-সমৃদ্ধিকে বাঁচাতে হলে যে-কোনো মূল্যে এদেরকে রুখতে হবে।, তিনি বলেন, `বিএনপি নিজেরা বিপদে পড়েছে বলে গুজব ছড়ায়, দেশকে বিপদে ফেলার অপচেষ্টা করে। যতদিন শেখ হাসিনা আছেন, এদেশ ততদিন নিরাপদ থাকবে।, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আরো বলেন, `এদেশের স্বাধীনতা আন্দোলনের সূচনাই হয়েছে কৃষকদের হাতে। কৃষি বাঁচলে বাংলাদেশের অর্থনীতি বাঁচাবে। এটাকে গুরুত্ব দেওয়ার ফলে বৈশ্বিক সংকটেও কঠিন পরিস্থিতি সহজে মোকাবিলা করতে পেরেছে বাংলাদেশ।, তিনি বলেন, `যারা এ দেশকে নিয়ে বেশি কথা বলেন, কথায় কথায় সরকারের সমালোচনা করেন, যারা আন্দোলনে ব্যর্থ, নির্বাচনে ব্যর্থ, তারাই গণতন্ত্রের সমালোচনা করেন।,

(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

## উপজেলা নির্বাচনে মন্ত্রী-এমপির স্বজনদের প্রার্থী হতে মানা

আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের কোনো মন্ত্রী ও সংসদ সদস্যদের সন্তান, পরিবারের সদস্য, নিকটাত্মীয় এবং নিজস্ব লোক অংশ নিতে পারবেন না। এমনকি তারা কারো পক্ষে কাজও করতে পারবেন না। তারপরও কেউ যদি নির্বাচনে অংশ নেন, তাহলে বহিষ্কারসহ সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। বৃহস্পতিবার দলীয় ফোরামে এ সিদ্ধান্ত হয়। এরই মধ্যে আওয়ামী লীগের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদকরা নিজ নিজ বিভাগের মন্ত্রী ও

সংসদ সদস্যদের এ ব্যাপারে নির্দেশনা দিয়েছেন। জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেছেন আওয়ামী লীগের একাধিক নেতা। দলটির সাংগঠনিক সম্পাদক ও জাতীয় সংসদের হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন জাগো নিউজকে বলেন, 'উপজেলা নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও উৎসবমুখর করার স্বার্থে মন্ত্রী এবং সংসদ সদস্যদের নিজ পরিবার থেকে প্রার্থী না করার জন্য এবং সব প্রচার-প্রচারণা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হয়েছে। কোনো আইন প্রণেতা যেনো নির্বাচনি আচরণবিধি অমান্য না করেন সে বিষয়েও সতর্ক করা হয়েছে।' আওয়ামী লীগের আরেক সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন বলেন, 'আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বরাত দিয়ে দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের তাদের এ বিষয়ে নির্দেশনা দিয়েছেন।' দলটির দফতর থেকে জানিয়েছে, দলের প্রধানের নির্দেশনা পেয়ে ওবায়দুল কাদের বৃহস্পতিবার সকালে ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে অনানুষ্ঠানিক এক বৈঠক করেন। বৈঠকে এ ধরনের সুস্পষ্ট সিদ্ধান্ত হয় এবং পরে তা সংশ্লিষ্টদের জানিয়ে দেওয়া হয়। বৈঠকে দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক, দফতর সম্পাদক ও উপ-দফতর সম্পাদক উপস্থিত ছিলেন। এসময় ওবায়দুল কাদের দলের সাংগঠনিক ও দফতর সম্পাদককে সারাদেশে মন্ত্রী, সংসদ সদস্যদের মধ্যে যাদের স্বজন ও পরিবারের সদস্য নির্বাচন করছেন, তার তালিকা তৈরি নির্দেশ দেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

## স্বচ্ছতার সঙ্গে অনুদানের চলচ্চিত্র বাছাই হবে : তথ্য প্রতিমন্ত্রী

সরকারি অনুদান প্রদানের জন্য স্বচ্ছতা ও সর্বোচ্চ পেশাদারিত্বের সঙ্গে চলচ্চিত্র বাছাইয়ের কার্যক্রম শুরু করেছে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। এ লক্ষ্যে প্রথমবারের মতো পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের অনুদানের স্ক্রিপ্ট বাছাই কমিটির সামনে প্রস্তাবিত চলচ্চিত্রগুলো নিয়ে পাওয়ার পয়েন্টে উপস্থাপনা শুরু হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে অনুদান প্রাপ্তির জন্য আবেদনকৃত মোট ১৯৫টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের মধ্য থেকে প্রাথমিকভাবে বাছাইকৃত ৪৫টি চলচ্চিত্রের পাওয়ার পয়েন্ট উপস্থাপনা শুরু হয়েছে। বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল বিকেলে সচিবালয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভা কক্ষে এ কার্যক্রমের উদ্‌বোধন করেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। এ দিন পাওয়ার পয়েন্ট উপস্থাপনা দেখে চলচ্চিত্রগুলোকে স্ক্রিপ্ট বাছাই কমিটির সদস্যরা গোপনীয়ভাবে আলাদা আলাদা নম্বর প্রদান করেছেন। এ সময় চলচ্চিত্র অনুদান কমিটির সদস্যরাও পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন। তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী বলেন, 'স্বচ্ছতা ও সর্বোচ্চ পেশাদারিত্বের সঙ্গে সরকারি অনুদানের চলচ্চিত্র বাছাই করা হবে। সরকারি অনুদানে চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে সরকার আরো পেশাদারিত্ব নিশ্চিত করতে চায়। স্বচ্ছ ও জবাবদিহিমূলক প্রক্রিয়ায় যাতে চলচ্চিত্র নির্মাণের জন্য অনুদান প্রদান করা হয়, সে ব্যাপারে সরকার সচেষ্ট। চলচ্চিত্র সংশ্লিষ্ট দক্ষ ও অভিজ্ঞ ব্যক্তিরা যাতে অনুদানের জন্য বাছাই প্রক্রিয়ায় যুক্ত হতে পারেন, সরকার সেটিও নিশ্চিত করতে চায়।' প্রতিমন্ত্রী আরো বলেন, 'বাছাই কমিটির সদস্যরা আন্তর্জাতিকভাবে প্রচলিত বিভিন্ন মানদণ্ডের ওপর ভিত্তি করে আবেদনকৃত চলচ্চিত্রের প্রস্তাবনার উপর আলাদা আলাদাভাবে নম্বর প্রদান করছেন। পরবর্তীতে সব সদস্যদের নম্বর গড় করে সর্বোচ্চ নম্বর পাওয়া আবেদনগুলো অনুদানের জন্য বিবেচিত হবে। সর্বোচ্চ নিরপেক্ষতা ও স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে এ ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে।' তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ হুমায়ুন কবীর খোন্দকার, যুগ্ম সচিব মোঃ কাউসার আহাম্মদ, উপসচিব মোঃ সাইফুল ইসলাম, পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদানের স্ক্রিপ্ট বাছাই কমিটির সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের টেলিভিশন, ফিল্ম এ্যান্ড ফটোগ্রাফি বিভাগের সহকারী অধ্যাপক রিফফাত ফেরদৌস, চলচ্চিত্র নির্মাতা মোঃ মুশফিকুর রহমান গুলজার, অভিনেত্রী ফাল্গুনী হামিদ ও আফসানা মিমি, পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটির সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চলচ্চিত্র ও টেলিভিশন অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু জাফর মোঃ শফিউল আলম ভূঁইয়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার ও পারফরম্যান্স বিভাগের অধ্যাপক ও অভিনেত্রী ওয়াহিদা মল্লিক জলি, স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ের ফিল্ম এ্যান্ড মিডিয়া বিভাগের সহযোগী অধ্যাপক ও চলচ্চিত্র নির্মাতা মতিন রহমান, বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতির সভাপতি ও চলচ্চিত্র নির্মাতা কাজী হায়াৎ, চলচ্চিত্র নির্মাতা অমিতাভ রেজা চৌধুরী চলচ্চিত্রের উপস্থাপনায় উপস্থিত ছিলেন। চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা দেওয়ার উদ্দেশ্যে চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা ২০২০ এর ভিত্তিতে সরকারি অনুদান প্রদান করা হয়।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

## শিব নারায়ণ দাসের স্বপ্নের পতাকা আমাদের গৌরবের অর্জন : জি এম কাদের

জাতীয় পতাকার অন্যতম নকশাকার বীর মুক্তিযোদ্ধা শিব নারায়ণ দাসের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিরোধীদলীয় নেতা ও জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের। শুক্রবার, ১৯শে এপ্রিল এক শোকবার্তায় প্রয়াতের বিদেহী আত্মার শান্তি কামনা করে তার শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান তিনি। শোকবার্তায় বিরোধীদলীয় নেতা বলেন, 'একাত্তরের উত্তাল দিনগুলোতে শিব নারায়ণ দাসের অনন্য ভূমিকা অক্ষয় হয়ে থাকবে। দেশের স্বাধীনতা

ও সার্বভৌমত্বের প্রশ্নে আপোষহীন শিব নারায়ণ দাস জীবনবাজি রেখে মুক্তিযুদ্ধে অংশ নেন। শিব নারায়ণ দাসের স্বপ্নের পতাকা আমাদের গৌরবের অর্জন। শিব নারায়ণ দাসকে জাতি আজীবন স্মরণে রাখবেন।' এছাড়া বীর মুক্তিযোদ্ধা শিব নারায়ণ দাসের মৃত্যুতে বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় পার্টি মহাসচিব মোঃ মুজিবুল হক চুন্নু শোক প্রকাশ করেছেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

## আওয়ামী লীগ অচিরেই পরাজিত হবে : রিজভী

বিএনপি নেতা-কর্মীদের জেলে রেখে আওয়ামী লীগ যে খেলায় মেতেছে অচিরেই সে খেলায় তারা পরাজিত হবে বলে মন্তব্য করেছেন দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। শুক্রবার, ১৯শে এপ্রিল জাতীয় প্রেস ক্লাবের সামনে জিয়া প্রজন্মদল কেন্দ্রীয় কমিটি আয়োজিত বিএনপির রাজবন্দিদের নিঃশর্ত মুক্তির দাবিতে অবস্থান কর্মসূচিতে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব বলেন। রিজভী বলেন, 'বিএনপির জন্য দিনের আলো যেন নিষিদ্ধ। বিএনপির নেতা-কর্মীদের মুক্তবাতাস নিষিদ্ধ। এদের সবসময় কারাগারে থাকতে হয়। বিনা কারণে কারাগার এখন বিএনপির নেতা-কর্মীদের স্থায়ী ঠিকানা হয়ে গেছে।' তিনি বলেন, 'বিএনপির নেতা-কর্মীদের কারাগারে ঢোকানো, ধরে ফেলা, এই কর্মসূচি যেনো শেষই হচ্ছে না। জনসমর্থন না থাকলে সেই সরকাররা প্রচণ্ড স্বেচ্ছাচারী হয়, ফ্যাসিস্ট হয়ে ওঠে এবং জনগণের আওয়াজ ফেলেই তারা নিপীড়নভাবে সেটাকে দমন করে, সেই জিনিসটা বর্তমানে আমরা দেখতে পাচ্ছি।' রুহুল কবির রিজভী বলেন, 'বিএনপির ২৫ থেকে ২৬ হাজার নেতা-কর্মী একটা ডামি নির্বাচন সামনে রেখে প্রায় চার মাস কারাগারে ছিলেন। কয়েক হাজার নেতা-কর্মী এখনো কারাগারে। কারাগারে বিভিন্ন মামলা দিয়েই ঢোকানো হয়। এ রীতি ব্রিটিশ আমল থেকেই চলে আসছে।' রিজভী বলেন, 'উপমহাদেশে অনেকেই কারাগারে গেছেন। মহাত্মা গান্ধীসহ আরো অনেকেই কারাগারে গেছেন। কিন্তু কোথাও রাজনৈতিক কারণে কারাগারে গেছেন সেটা লেখা থাকে না। যারা কায়েমি শাসক গোষ্ঠী তারা বিভিন্ন ধরনের অপরাধ দিয়ে তাদের নাম দেয়। সরকার বলছেন বিএনপির নেতা-কর্মী বিভিন্ন মামলার আসামি। এটাতো সরকার বলছেন। গোটা জাতি মনে করে সরকার ষড়যন্ত্র করে আন্দোলনকামী, গণতন্ত্রকামী, যারা সত্য কথা বলে তাদের বিরুদ্ধে বিভিন্ন নাশকতার মামলা, মিথ্যা মামলা দিয়ে কারাগারে বন্দি করে রেখেছেন।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

## জঙ্গল-খাটের তলায় লুকিয়েও হলো না শেষ রক্ষা; ৪৫ বাংলাদেশি আটক

মালয়েশিয়ার পার্লিসে ৪৫ বাংলাদেশিসহ ৪৯ জন অবৈধ অভিবাসীকে আটক করেছে রাজ্যের অভিবাসন বিভাগ। বৃহস্পতিবার দিনগত গভীর রাতে রাজ্যের বুকিত চাবাং, মুকিম টিটি টিংগি, পাদাং বেসার এবং পার্লিসের একটি স্পোর্টস স্কুলের নির্মাণ সাইটে অভিযান চালিয়ে অভিবাসীদের আটক করা হয়। আটক বাংলাদেশি প্রবাসীদের মধ্যে ৪৪ জন পুরুষ ও একজন নারী। এছাড়া তিনজন ইন্দোনেশিয়ার ও একজন ভারতীয় নাগরিক আটক হয়েছেন। গভীর রাতে অভিযানের সময় জঙ্গলে ও খাটের নিচে লুকিয়েও শেষ রক্ষা হয়নি অবৈধ অভিবাসীদের। শুক্রবার, ১৯শে এপ্রিল রাজ্যের ইমিগ্রেশন বিভাগের পরিচালক খায়রুল আমিন বিন তালিব এক বিবৃতিতে বলেন, 'ইমিগ্রেশন অ্যাকশন ইউনিট, পার্লিস জিআইএম এনফোর্সমেন্ট ডিভিশনের পর্যবেক্ষণ এবং গোয়েন্দা তথ্যের ভিত্তিতে এ অভিযান চালানো হয়। বিভিন্ন পদমর্যাদার ১৭ জন অভিবাসন কর্মকর্তা অপ সাপু নামের এ অভিযানে অংশ নেন। এসময় ১০১ জন বিদেশির কাগজপত্র পরীক্ষা করা হয়। তাদের মধ্যে যাদের বৈধ কাগজপত্র নেই এবং মালয়েশিয়ায় অতিরিক্ত সময় অবস্থান করে আসছিলেন এমন ৪৯ জনকে আটক করা হয়।' তদন্ত ও পরবর্তী পদক্ষেপের জন্য আটকদের কুয়ালা পার্লিস ইমিগ্রেশন ডিটেনশন ডিপোতে রাখা হয়েছে বলেও বিবৃতিতে জানান রাজ্যের ইমিগ্রেশন পরিচালক। পার্লিস রাজ্যের ইমিগ্রেশন বিভাগ বলছে, মালয়েশিয়ায় অবৈধভাবে বসবাসকারী, তাদের পাসপোর্টের অপব্যবহার এবং অনৈতিক কর্মকাণ্ডে জড়িত বিদেশিদের কোনো ছাড় দেওয়া হবে না।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

## শিশু হাসপাতালে আগুনের ঘটনায় ৫ সদস্যের কমিটি

বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটে আগুনের ঘটনায় পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে তিন দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। শুক্রবার, ১৯শে এপ্রিল দুপুরে আগুন নিয়ন্ত্রণের পর গণমাধ্যমকে এ তথ্য জানান হাসপাতালের পরিচালক ডা. জাহাঙ্গীর আলম। তিনি বলেন, 'আলহামদুলিল্লাহ আমাদের কোনো রোগীর ক্ষতি হয়নি। সবাইকে নিরাপদে সরিয়ে নেওয়া হয়েছে। কিছু শিশুকে জাতীয় হৃদরোগ হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।' এর আগে দুপুর ১টা ৪৭ মিনিটে শিশু হাসপাতালে আগুন লাগার খবর পায় ফায়ার সার্ভিস। খবর পেয়ে দ্রুত প্রথমে দুই ইউনিট ও পরে আরো তিন ইউনিট হাসপাতালে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ করে। এরপর দুপুর ২টা ২৮ মিনিটে আগুন নিয়ন্ত্রণ ও ২টা ৩৯ মিনিটে আগুন সম্পূর্ণ নির্বাপণ হয়। তবে প্রাথমিকভাবে আগুন লাগার কারণ ও হতাহতের খবর জানা যায়নি। (জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

**মিয়ানমার থেকে এলেন আরো ১১ বিজিপি সদস্য**

বান্দরবানের নাইক্ষ্যংছড়ি সীমান্তের ওপারে মিয়ানমারে গোলাগুলির ঘটনা ঘটছে। সংঘর্ষ ঘিরে আবারো বাংলাদেশে আসতে শুরু করছেন দেশটির সীমান্তরক্ষী বাহিনী বর্ডার গার্ড পুলিশ, বিজিপির সদস্যরা। শুক্রবার, ১৯শে এপ্রিল সন্ধ্যা পর্যন্ত নতুন করে বিজিপির ১১ জন সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। বিজিবি সদর দফতরের জনসংযোগ কর্মকর্তা মোঃ শরীফুল ইসলাম জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, 'আজ নতুন করে আরো ১১ জন বিজিপি সদস্য বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। এখন পর্যন্ত মোট ২৮৫ জন বাংলাদেশে অবস্থান করছেন।' গত ফেব্রুয়ারিতে প্রাণভয়ে পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেওয়ার ১২ দিনের মাথায় বিজিপিসহ ৩৩০ নাগরিককে ফেরত নেয় মিয়ানমার। ১৫ই ফেব্রুয়ারি কক্সবাজারের উখিয়া ইনানী নৌ-বাহিনীর জেটিঘাট থেকে জাহাজে করে তাদের মিয়ানমারে ফেরত পাঠানো হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ প্রতীক)

# BBC

**WOMAN RESCUED 10 YEARS AFTER CHIBOK KIDNAPPING IN NIGERIA**

Two-hundred and seventy-six girls were taken from a secondary school in the town in Borno on 14 April 2014 by the militant Islamist group Boko Haram. The abductions shocked the world and led to the global #BringBackOurGirls campaign, which included former US First Lady Michelle Obama. It is thought that almost 100 of them are still captive or are missing. On Thursday, the Nigerian army said it had rescued the young woman together with her three children. She was five months' pregnant at the time of her rescue and claimed to be from Pemi Town in Chibok, it added. (BBC Web page : 19.04.2024 Ali Ahmed)

**2024 SONY WORLD PHOTOGRAPHY AWARDS: WINNERS REVEALED**

Pavy's documentary project explores the lasting affects of birth-control practices carried out on Inuit Greenlanders by Danish doctors in the 1960s and 1970s. The series examines the spiralkampagnen ("coil campaign") in which several thousand Inuit women and girls, some as young as 12, were fitted with an intrauterine device (IUD) without their consent. The photos range from shots of the city of Nuuk and its clinical spaces, to X-ray imagery and archival photographs of the young women involved. Naja Lyberth, a psychologist in Nuuk, was one of the first to testify about her forced sterilisation. She set up a Facebook group to allow women to share their common experiences and help each other cope with the trauma.
(BBC Web page : 19.04.2024 Ali Ahmed)

**ISRAEL GAZA: US AGAIN WARNS AGAINST RAFAH OFFENSIVE**

The White House said representatives of Israel's prime minister had agreed "to take these concerns into account". The US has repeatedly urged Israel not to launch a major offensive in Rafah to avoid more civilian casualties in Gaza. Separately, the US vetoed a UN resolution to grant full member status to a State of Palestine. In another development, US Defence Secretary Lloyd Austin spoke to Israeli Defense Minister Yoav Gallant to "discuss regional threats and Iran's destabilizing actions in the Middle East". They also discussed "the importance of increasing and sustaining the flow of humanitarian aid to Gazan civilians, including via the new route from Ashdod Port in Israel". The Israeli military says it has struck dozens of targets in Gaza, a day after widespread Israeli bombing of the central part of the strip as well as Gaza City in the north. Qatar - which has played a major mediating role in truce talks - said earlier that ceasefire negotiations had stalled.
(BBC Web page : 19.04.2024 Ali Ahmed)

**THE ALLMAN BROTHERS BAND GUITARIST AND SONGWRITER DIES AT 80**

The guitarist and vocalist also wrote classic songs including their biggest hit, 1973's Ramblin' Man. His other compositions included Blue Sky and the instrumental Jessica, which won a Grammy Award and was used as the theme for BBC TV series Top Gear. The band announced "with deep sadness" that he died on Thursday. "His extraordinary guitar playing alongside guitarist Duane Allman created a unique dual guitar signature sound that became the signature sound of the genre known as Southern Rock," a statement said. "He was passionate in life, be it music, songwriting, fishing, hunting, boating, golf, karate or boxing. Dickey was all in on and excelled at anything that caught his attention."
(BBC Web page : 19.04.2024 Ali Ahmed)

**CRISIS SHOWS HOW BADLY IRAN AND ISRAEL UNDERSTAND EACH OTHER**

They have been urging Israel to draw a line under the dangerous series of events that started with Israel's assassination of a senior Iranian general in Damascus on 1 April. More than six months after the Hamas attacks on Israel, war continues in Gaza and has spread to

the area either side of the Lebanon-Israel border and to the Gulf. The fear is that the Middle East is on the brink of an all out war, with global as well as regional dangers. The Iranians are playing down the significance of what's happened in Isfahan.
(BBC Web page : 19.04.2024 Ali Ahmed)

**CHILDREN AMONG SEVEN DEAD IN RUSSIAN STRIKE ON DNIPROPETROVSK**

The station in the main city Dnipro came under attack, and several homes were hit further east in Synelnykove. President Volodymyr Zelensky said the attack showed that all Ukrainian cities needed more advanced air defences. In a separate strike, Ukraine said that for the first time it had downed a strategic long-range bomber in Russia. Officials said a boy aged eight and a girl of 14 were among five people killed when private homes were targeted by Russian strikes on the town of Synelnykove. (BBC Web page : 19.04.2024 Ali Ahmed)

**TRUMP CRIMINAL CASE: JURY SELECTION REACHES FINAL STAGE**

A full 12-person panel has been sworn in, and six alternate jurors are being sought to act as reserves if needed. Mr Trump is accused of falsifying business records in the first criminal trial of an ex-president. He denies it. Finding an impartial jury in New York, where Mr Trump built a business empire, had been expected to take weeks. But things moved quickly after Mr Trump's team ran out of the permitted number of objections. "We have our jury," Justice Juan Merchan declared on Thursday after seven men and five women were selected. Two jurors had to be excused earlier. The trial stems from a hush-money payment to a porn star.
(BBC Web page : 19.04.2024 Ali Ahmed)

**WHAT WE KNOW ABOUT ISRAEL'S OVERNIGHT ATTACK ON IRAN**

There are competing claims about the scale of the attack on the Isfahan region and the extent of any damage, with Iranian state media downplaying its significance. It comes after weeks of soaring tensions between the regional rivals, which have already seen an Israeli attack on an Iranian compound in Syria, and Iran launch an unprecedented assault against Israel. Here is everything we know about the latest incident so far.
(BBC Web page : 19.04.2024 Ali Ahmed)

**OIL PRICE EASES AS IRAN DOWNPLAYS ATTACK**

Oil and gold prices have eased after Iranian authorities appeared to downplay reports of an attack from Israel. Brent crude, the international benchmark, fell after jumping briefly to over $90 a barrel after reports emerged of an attack. Gold briefly came close to a record high before settling below $2,400 an ounce. There are concerns a worsening conflict in the Middle East could disrupt oil supplies. Investors have been closely watching Israel’s reaction to Iran's direct drone and missile attack last weekend. Oil prices had jumped by as much as 3.5% initially. But Brent then fell back to roughly $87 a barrel after Iranian state media claimed that there was "no damage" in Isfahan province where there had been reports of explosions. (BBC Web page : 19.04.2024 Ali Ahmed)

**US CALLS FOR CALM AFTER OFFICIALS SAY ISRAELI MISSILE HIT IRAN**

US Secretary of State Antony Blinken has repeated calls for de-escalation in the Middle East, after an apparent Israeli strike on Iran. Speaking from a G7 meeting in Italy, Blinken says Washington was not involved in any offensive operation. Two US officials told the BBC's US partner CBS News that an Israeli missile struck Iran overnight. The Israeli government has not officially commented. Iranian state media cite unconfirmed reports of explosions in the central province of Isfahan, but downplayed reports of an attack. Isfahan is home to a large airbase, a major missile production complex and several nuclear facilities. The global nuclear watchdog says no nuclear sites were damaged.
(BBC Web page : 19.04.2024 Ali Ahmed)

**::The End::**